১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত
দৈনিক
# এই আমার দেশ
Daily Eai Amar Desh | e-paper.eaiamardesh.com | www.eaiamardesh.com
মঙ্গলবার | ঝিনাইদহসহ খুলনা বিভাগীয় সংস্করণ | বর্ষ ৩২ ॥ সংখ্যা ২০৫ ॥ রেজি:নং- কেএন ২৮৯ ॥ ২৪ শ্রাবণ ১৪৩০ ॥ ২০ মহররম ১৪৪৫ হিজরী ॥ পৃষ্ঠা-৪ ॥ মূল্য ৫ টাকা | ০৮ আগস্ট ২০২৩

হুলস্থুল অফার
minister REFRIGERATOR
ফ্রিজ কিনলে LED/SMART TV ফ্রি
*শর্ত প্রযোজ্য বিস্তারিত: 09606 700700



## বঙ্গমাতার ৯৩তম জন্মবার্ষিকী আজ

**নিজস্ব প্রতিবেদক :** আজ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সহধর্মিণী বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেছা মুজিবের ৯৩তম জন্মবার্ষিকী।
বঙ্গমাতা ১৯৩০ সালের ৮ আগস্ট তৎকালীন গোপালগঞ্জ মহাকুমার টুঙ্গিপাড়া গ্রামে জন্মগ্রহণ করেন। তার ডাক নাম ছিল রেণু। বাবার নাম শেখ জহুরুল হক ও মায়ের নাম হোসনে আরা বেগম। এক ভাই-দুই বোনের মধ্যে তিনি ছিলেন ছোট। ১৯৭৫ সালের ১৫ আগস্ট কালরাতে তিনি জাতির পিতার হত্যাকারীদের হাতে নির্মমভাবে শাহাদাৎ বরণ করেন।
বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেছা মুজিবের জন্মবার্ষিকী উপলক্ষে রাষ্ট্রপতি মো. সাহাবউদ্দিন ও প্রধানমন্ত্রী ২-এর পাতায় দেখুন

## নির্বাচনকালীন সরকার : আওয়ামী লীগ কতটুকু ছাড় দিবে জানতে চায় কূটনীতিকরা

**নিজস্ব প্রতিবেদক :** আগামী জাতীয় সংসদ কিভাবে হবে- এ নিয়ে রাজনৈতিক দলগুলোর মধ্যে টানাপোড়েন এবং মতবিরোধ এখনো কমেনি। বিএনপি যেমন বলছে, নির্দলীয়, নিরপেক্ষ তত্ত্বাবধায়ক সরকার ছাড়া তারা নির্বাচনে যাবে না।



## স্যাংশন যুক্তরাষ্ট্রের দুর্নীতি দমনের হাতিয়ার

**নিজস্ব প্রতিবেদক :** স্যাংশনকে যুক্তরাষ্ট্রের দুর্নীতি দমনের হাতিয়ার হিসেবে উল্লেখ করেছেন মার্কিন পররাষ্ট্র দপ্তরের বৈশ্বিক দুর্নীতি দমন বিভাগের সমন্বয়ক রিচার্ড নেফিউ। গতকাল ২-এর পাতায় দেখুন



## ডিজিটাল নিরাপত্তা আইন সংশোধন পরিবর্তন ও প্রতিস্থাপনের সিদ্ধান্ত

**নিজস্ব প্রতিবেদক :** ডিজিটাল নিরাপত্তা আইন সংশোধন, পরিবর্তন ও প্রতিস্থাপনের সিদ্ধান্ত নিয়েছে মন্ত্রিপরিষদ। এই আইনটি সংশোধন করে 'সাইবার নিরাপত্তা আইন-২০২৩' হিসেবে চালু করা হবে। গতকাল সোমবার অনুষ্ঠিত মন্ত্রিপরিষদের বৈঠকে সাইবার ২-এর পাতায় দেখুন



# ভারতে বাংলাদেশের নির্বাচন নিয়ে আওয়ামী লীগ নেতাদের সিরিজ বৈঠক

**নিজস্ব প্রতিবেদক :** আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য ড. আবদুর রাজ্জাকের নেতৃত্বে পাঁচ সদস্যের একটি প্রতিনিধি দল এখন দিল্লিতে রয়েছে। ভারতের ক্ষমতাসীন বিজেপি'র আমন্ত্রণে আওয়ামী লীগের এই পাঁচ নেতা দিল্লি সফর করছেন। দিল্লি সফরে বিজেপির শীর্ষ নেতাদের সাথে বৈঠক ছাড়াও বিজেপির থিঙ্কট্যাঙ্কদের সাথেও তাদের বৈঠক হবে। এখন পর্যন্ত বিষয়টি নিশ্চিত হয়নি, তবে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সঙ্গে এই পাঁচ নেতার সৌজন্য সাক্ষাৎ হবে। তবে আওয়ামী লীগের এই পাঁচ নেতার বৈঠকের মূল বিষয়টি হচ্ছে সেখানকার থিঙ্কট্যাঙ্কদের সাথে বৈঠক এবং



এই বৈঠকের মাধ্যমে আগামী নির্বাচনের ব্যাপারে ভারতের অবস্থান, বিজেপির অবস্থান এবং বাংলাদেশ সরকারের করণীয় সম্পর্কে বিজেপি তাদের মনোভাব ব্যক্ত করবে বলে জানা গেছে।
বাংলাদেশের আগামী নির্বাচন নিয়ে ভারত আনুষ্ঠানিকভাবে যে বক্তব্য রেখেছে, তা হলো- বাংলাদেশের নির্বাচন বাংলাদেশের অভ্যন্তরীণ ব্যাপার। তবে ভারত একটি গণতান্ত্রিক রাষ্ট্র হিসেবে সব সময় চায় যে, বাংলাদেশের নির্বাচন অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ হোক এবং জনগণের অংশগ্রহণমূলক হোক।

# খালেদার নির্দেশেই কর্মসূচি নেই বিএনপির

**নিজস্ব প্রতিবেদক :** একদফা আন্দোলনের ঘোষণার পর বিএনপি এখন কর্মসূচিহীন। গত এক সপ্তাহে বিএনপি কোনো কর্মসূচি ঘোষণা করেনি। ২৯ জুলাই বিএনপির সর্বশেষ কর্মসূচি ছিল এক দফা দাবিতে। এরপর বিএনপি যে কর্মসূচিগুলো ঘোষণা করেছে তা হলো ২৯ জুলাই বিএনপির কর্মসূচিতে বাধা প্রদান এবং গ্রেপ্তার-হয়রানির প্রতিবাদে বিক্ষোভ। আর তার পরবর্তীতে দু'দিনের কর্মসূচি ছিল তারেক জিয়ার বিরুদ্ধে দুর্নীতি মামলার রায়ের প্রতিবাদ। অর্থাৎ এক দফা নিয়ে বিএনপির আর কোনো কর্মসূচি নেই। বিএনপির পক্ষ থেকে বলা হচ্ছে, তারা নতুন কর্মসূচির জন্য রাজনৈতিক দলগুলোর সাথে কথাবার্তা বলছে এবং



খুব শীঘ্রই চূড়ান্ত লাগাতার কর্মসূচি ঘোষণা করা হবে। কিন্তু বিএনপির একাধিক নেতার সঙ্গে আলাপ করে নিশ্চিত হওয়া গেছে যে খালেদা জিয়ার নির্দেশেই বিএনপি কোনো কর্মসূচিতে নেই। বেগম খালেদা জিয়া বিএনপিকে ধীরে ধীরে চলো নীতি গ্রহণের নির্দেশ দিয়েছেন। মির্জা ফখরুল ইসলাম আলমগীরকে ডেকে খালেদা জিয়া আপাতত কঠোর আন্দোলনে না যাওয়ার পরামর্শ দিয়েছেন। সংশ্লিষ্ট সূত্রগুলো বলছে, বিএনপি যেমন একদফা আন্দোলনের চূড়ান্ত কর্মসূচি ঘোষণা করেছে ঠিক তেমনি খালেদা জিয়ার মুক্তির প্রক্রিয়া চূড়ান্ত করতে সরকারের সাথে সমঝোতাও শেষ পর্যায়ে।

## বিদেশি প্রভুদের সাড়া না পেয়ে বিএনপি নেতারা দিশেহারা



**স্টাফ রিপোর্টার :** বিদেশি প্রভুদের কাছ থেকে প্রত্যাশিত সাড়া না পেয়ে এবং জনগণ কাছ থেকে বার বার প্রত্যাখ্যাত বিএনপি নেতারা দিশেহারা হয়ে পড়েছেন বলে জানিয়েছেন আওয়ামী লীগ সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। গতকাল সোমবার এক বিবৃতিতে দেশের বিচারবিভাগ নিয়ে বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরের বক্তব্যের নিন্দা ও প্রতিবাদ জানিয়ে ওবায়দুল কাদের এ কথা বলেন। বিবৃতিতে কাদের বলেন, বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বিরোধীদল ও মত দমনের কথা বলছেন! একদিকে তারা লাগাতারভাবে মিছিল-মিটিং সমাবেশ করেন এবং সরকারের বিরুদ্ধে নির্লজ্জ মিথ্যাচার-অপপ্রচার চালাচ্ছে ও বিষোদ্গারে ২-এর পাতায় দেখুন

## ঝিনাইদহ-যশোর ৬ লেন সড়ক প্রকল্পের ভূমি অধিগ্রহন ও পূর্নবাসন কর্ম পরিকল্পনা বিষয়ক মত বিনিময় সভা

**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহ-যশোর ৬ লেন সড়ক সেকশন (ফেজ-১) প্রকল্পের ভূমি অধিগ্রহন ও পূর্নবাসন কর্ম পরিকল্পনা বিষয়ক মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। সোমবার দুপুরে ঝিনাইদহ জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে জেলা প্রশাসক এস এম রফিকুল ইসলাম এর সভাপতিত্বে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সেসময় অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) আরিফুল ইসলাম, সড়ক ও জনপথ বিভাগ আর এইচ ডি



উইকেয়ার প্রজেক্ট ম্যানেজার মোয়াজ্জেম হোসেন, তুহিন মাহমুদ, নাকিবুল বারী, ২-এর পাতায় দেখুন

## বেগম ফজিলাতুন নেছা মুজিব পদক জয়ীদের নাম ঘোষণা

**স্টাফ রিপোর্টার :** বাংলাদেশ জাতীয় নারী ফুটবল দলসহ বিশিষ্ট পাঁচ নারী পাচ্ছেন বেগম ফজিলাতুন নেছা মুজিব পদক। গতকাল সোমবার বাংলাদেশ সচিবালয়ে তথ্য অধিদপ্তরের সম্মেলন কক্ষে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ কথা জানান মহিলা ও শিশু বিষয়ক প্রতিমন্ত্রী ফজিলাতুন নেসা ইন্দিরা। বঙ্গমাতার অবদানকে চিরস্মরণীয় করার লক্ষ্যে প্রতি বছর আটটি ক্ষেত্রে নারীদের অবদানের স্বীকৃতি স্বরূপ সর্বোচ্চ পাঁচ জনকে 'বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব' জাতীয় ২-এর পাতায় দেখুন

## ভেঙে পড়ার ঝুঁকিতে ঝিনাইদহ সদরের গিলাপোল গ্রামের ব্রিজ

**সুমন আহমেদ :** ঝিনাইদহ সদর উপজেলার সাগান্না ইউনিয়নের গিলাপোল গ্রামের ব্রিজ ঝুঁকিপূর্ণ যে কোন সময় ঘটতে পারে বড় ধরনের দুর্ঘটনা। ব্রিজটির বয়স দীর্ঘদিন হওয়ার কারণে ঝুঁকিতে রয়েছে।
সরে জমিনে দেখা যায়, পানির স্রোতের কারণে নিচের অংশে পিলার ভেঙে গেছে। এতে যে কোন সময় নিচের দিকে দেবে যেতে পারে। এই ব্রিজটি পার্শ্ববর্তী থানা হরিণাকুন্ডুর সাথে যোগাযোগ ব্যবস্থার মূল কেন্দ্রবিন্দু হওয়াই এই ব্রিজ দিয়ে হাজার ২-এর পাতায় দেখুন



## অভয়নগরে নওয়াপাড়া ষ্টেশন বাজারের বাইপাস সড়কটি যেন মরণফাঁদ

**অভয়নগর প্রতিনিধি :** শিল্প-বাণিজ্য ও বন্দর নগরী যশোরের অভয়নগরে নওয়াপাড়া ষ্টেশন বাজারের বাইপাস সড়কটি যেন মরণ ফাঁদে পরিণত হয়েছে। এখানে প্রতিনিয়ত ঘটছে দুর্ঘটনা। মালামাল বোঝাই ট্রাক বড় বড় গর্তের মধ্যে পড়ে যেন আর উঠতেই চায়না। দীর্ঘ সময় চেষ্টা করে কিছু কিছু ট্রাক ওই গর্ত থেকে উঠতে পারলেও অধিকাংশ মাল বোঝাই ট্রাক গর্ত থেকে উঠতে গিয়ে এক্সেল ভেঙ্গে পড়ে থাকতে দেখা যায়। আবার কখনও



প্রতিনিয়ত ঘটছে দুর্ঘটনা!

কখনও লোড গাড়ির মালামালা পড়ে গিয়ে ঘটে আরেক বিপত্তি। এনিয়ে দুপাশের ব্যবসায়ীরা আছেন চরম বিপাকে।
জানা যায়, যশোর-খুলনা মহাসড়কের ষ্টেশন বাজারস্থ শেখ ব্রাদার্স ও গোল্ডেন এন্টারপ্রাইজের মাঝখান দিয়ে ভৈরব নদীমুখে বয়ে গেছে ছোট্ট একটি সড়ক। যে সড়কটি দীর্ঘদিন পড়ে আছে অযত্ন আর অবহেলায়। চলতি বৃষ্টির মওসুমে সড়কের বড় বড় গর্তে হাটু জমে ২-এর পাতায় দেখুন

## মুজিববর্ষ উপলক্ষে বাগেরহাটে আরও ৮৩৮ জন পাচ্ছেন পাকা ঘর

**শিহাব উদ্দিন রুবেল, বাগেরহাট :** মুজিববর্ষ উপলক্ষে প্রধানমন্ত্রীর উপহার হিসেবে বাগেরহাটে ৮৩৮ জন হতদরিদ্র জমিসহ পাকা ঘর পাচ্ছেন। ৪র্থ পর্যায়ের ২য় ধাপে এই ঘর প্রদান করা হচ্ছে। ৯ আগস্ট প্রধানমন্ত্রী শেখ হাসিনা আনুষ্ঠানিকভাবে ২য় ধাপের এই গৃহ হস্তান্তর কাযক্রমের শুভ উদ্বোধন করার কথা রয়েছে। এরপরেই মাঠ পর্যায়ে ভূমিহীনদের মাঝে ঘরের চাবি হস্তান্তর করবেন জেলা ও উপজেলা প্রশাসন। জেলা প্রশাসনের তথ্য অনুযায়ী, বাগেরহাট সদর উপজেলায় ১৩১টি, ফকিরহাটে ২২০, মোল্লাহাটে ৭০, চিতলমারী ৭৮, মোরেলগঞ্জে ৭৯, শরণখোলায় ৬০, মোংলা ও রামপালে ১০০টি করে ঘর প্রদান করা হবে।
বাগেরহাট সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ রাশেদুজ্জামান বলেন, সদর উপজেলায় "ক" শ্রেনির ভূমিহীনদের জন্য ১৩১টি ঘর প্রস্তুত করা হয়েছে। প্রধানমন্ত্রী উদ্বোধন করার পরে আনুষ্ঠানিকভাবে ভূমিহীনদের মাঝে এই ঘরের চাবি হস্তান্তর করা হবে।
বাগেরহাটের জেলা প্রশাসক মোহাঃ খালিদ হোসেন বলেন, ৪র্থ পর্যায়ের বাগেরহাট জেলায় ৮৩৮টি ঘর প্রস্তুত রয়েছে। প্রধানমন্ত্রী উদ্বোধন করার পরে আনুষ্ঠানিকভাবে ভূমিহীনদের মাঝে এই ২-এর পাতায় দেখুন

## চুয়াডাঙ্গার সিএন্ডবি পাড়ার কবরস্থানের সুরক্ষা প্রাচীরের নির্মাণ কাজের উদ্বোধন

**এম এ মতিন, চুয়াডাঙ্গা :** চুয়াডাঙ্গা সদর পৌর এলাকার ১নং ওয়ার্ডে সি এন্ড বি পাড়া (বুজনুকগড়গড়ি) কবরস্থানের দাফন কাজ সম্পাদন করার জায়গা শেষ হয়ে যাওয়ায় পাশ্ববর্তি জমির শরিকদের নিকট থেকে ৩৪ শতাংশ জমি যাহা ক্রয় ও দান মারফত মালিকানা লাভ করে কবরস্থান কমিটি। চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক ও চুয়াডাঙ্গা পৌরসভার সাবেক সফল মেয়র রিয়াজুল ইসলাম



জোয়ার্দ্দার টোটন প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে সি এন্ড বি পাড়ার কবরস্থানের সুরক্ষা প্রাচীরের নির্মাণ কাজের উদ্বোধন করেন। এসময় জমিদাতাদের মধ্যে উপস্থিত ছিলেন মো. আব্দুল জলিল, মোঃআব্দুল জব্বার, আব্দুল আলিম, মোঃ মুকুল আলী, মোঃ সেলিম হোসেন ঠান্টু, মোঃ শহিদুল ইসলাম লাল্টু, মোঃ শান্তি। কমিটির পক্ষ থেকে উপস্থিত ছিলেন প্রতিষ্ঠাকালীন সভাপতি মোঃ আজিজুল ২-এর পাতায় দেখুন



## কোটচাঁদপুরে কর্মরত সাংবাদিকদের সাথে প্রেস ব্রিফিং

কোটচাঁদপুর প্রতিনিধি : প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার মুজিব বর্ষের উপহার হিসেবে দেওয়া আশ্রয় প্রকল্পের ঘরের চতুর্থ পর্যায়ে ২য় ধাপে উপজেলার ভুমিহীন উপকারভোগী ২-এর পাতায় দেখুন

### ২৪ ঘন্টায় বাগেরহাটে ১৬৫ মি.মি বৃষ্টিপাত

## এক সপ্তাহের টানা বৃষ্টিতে বাগেরহাটের জনজীবন বিপর্যস্ত

শিহাব উদ্দিন রুবেল, বাগেরহাট-
এক সপ্তাহের টানা বৃষ্টিতে বাগেরহাটের জনজীবন বিপর্যস্ত হয়ে পড়েছে। বৃষ্টির পানিতে শহর থেকে গ্রাম পর্যন্ত, এক কথায় পুরো জেলায় জলাবদ্ধতা সৃষ্টি হয়েছে। গেল ২৪ ঘন্টায় ১৬৫ মিলিমিটার



বৃষ্টিপাত রেকর্ড করেছে মোংলা আবহওয়া অফিস। যা রবিবারের থেকে ৮৯ মিলিমিটার বেশি। অবিরাম বৃষ্টিতে চরম বিপাকে পড়েছেন খেটে খাটা খাওয়া নিম্ন আয়ের মানুষেরা। জলাবদ্ধতার শিকার হয়েছেন ৭ হাজার ২-এর পাতায় দেখুন

## পশ্চিমাদের দাবি মেটাতে শুরু করেছে সরকার

**নিজস্ব প্রতিবেদক :** আগামী জাতীয় সংসদ নির্বাচন যেন সুষ্ঠুভাবে হয় এবং সংবিধানে বেঁধে দেওয়া সময়ের সীমা এবং সাংবিধানিক ধারাবাহিকতা রক্ষা করে হয় সেজন্য পশ্চিমাদের সাথে কাজ শুরু করেছে সরকার। পশ্চিমা বিশ্বের যে সমস্ত দাবি সে দাবি-দাওয়া গুলো মেটানোর প্রক্রিয়া শুরু করেছে। আজ মন্ত্রিসভায় ডিজিটাল নিরাপত্তা আইন বাতিল করা হয়েছে। এই আইনের যে সমস্ত ধারার ব্যাপারে পশ্চিমা বিশ্ব গুলো আপত্তি জানিয়েছিল সেই ধারা গুলো সংশোধন ২-এর পাতায় দেখুন



## শৈলকুপায় দুই ডায়াগনষ্টিক সেন্টারে জরিমানা

**চঞ্চল মাহমুদ, শৈলকুপা :** ঝিনাইদহের শৈলকুপায় বিভিন্ন অনিয়মের জন্য দুই ডায়াগনষ্টিক সেন্টারে জরিমানা করেছেন ভ্রাম্যমান আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট। সোমবার বেলা ১২টার দিকে কবিরপুর এলাকার কেয়ার ডায়াগনষ্টিক সেন্টারে ৪০ হাজার টাকা ও ২-এর পাতায় দেখুন

এই আমার দেশ টিভি'তে
নিয়োগ বিজ্ঞপ্তি
প্রযোজক
ক্রিয়েটিভ ডিরেক্টর
বিশেষ প্রতিনিধি
সংবাদ প্রতিনিধি
সংবাদ উপস্থাপক
অনুষ্ঠান উপস্থাপক
ভিডিও এডিটর
গ্রাফিক্স ডিজাইনার
ক্যামেরাম্যান
ভয়েজ আর্টিষ্ট
নিউজরুম এডিটর (পোর্টাল)
স্টাফ রিপোর্টার
মার্কেটিং অফিসার
অফিস সহকারী
আগামী ২০ আগষ্ট ২০২৩ তারিখের মধ্যে পূর্ণাঙ্গ বায়োডাটা, জাতীয় পরিচয় পত্রের ফটোকপি, জন্ম নিবন্ধনের ফটোকপি, ২ কপি পাসপোর্ট সাইজের কালার ছবি, শিক্ষাগত যোগ্যতার সনদ পত্রের ফটোকপিসহ আবেদন সরাসরি অথবা ডাক বিভাগের মাধ্যমে পাঠাতে হবে। খামের উপরে পদের নাম উল্লেখ করতে হবে।
আবেদন পত্র পাঠানোর ঠিকানা: প্রধান নির্বাহী কর্মকর্তা (এই আমার দেশ টিভি) দুঃখী মাহমুদ সড়ক, (এমপি আব্দুল হাই সাহেবের বাসার পাশে), আরাপপুর, ঝিনাইদহ।
Email: eaiamardeshtvhr@gmail.com মোবাইলঃ ০১৯৬৯-৮৩১৯১৮ / ০১৯১৪-০৫৩২১৫ / ০১৯৭০-৭৪৭৫১০। Website: www.eaiamardesh.com

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত

দৈনিক
# এই আমার দেশ

Daily Eai Amar Desh

e-paper.eaiamardesh.com

www.eaiamardesh.com

মঙ্গলবার ০৮ আগস্ট ২০২৩

# প্লাষ্টিকের পণ্যের ভিড়ে কদর হারাচ্ছে কালীগঞ্জে মৃৎশিল্পের তৈজসপত্র



**বাদশা ফরহাদ,কালীগঞ্জ :** মাটির তৈরী শিল্পকম গ্রাম-বাংলার ইতিহাস ঐতিহ্য ও অতীতের সংস্কৃতির অন্যতম একটি অংশ। মৃৎশিল্প বাঙ্গালী জাতির দেশীয় সংস্কৃতির ইতিহাসে দেশীয় সংস্কৃতির ইতিহাসে শত বছরের ঐতিহ্য। আধুনিক যন্ত্রপাতি ব্যবহারের কাছে বড়ই অসহায় চিরচেনা গ্রামীন সভ্যতার অবিচ্ছেদ্য অংশ মৃৎশিল্প। বর্তমানে বাজারে প্লাস্টিক সামগ্রীর বিভিন্ন ব্যবহারিক জিনিসপত্রের ভীড়ে বিলুপ্ত হচ্ছে দেশের মৃৎশিল্প। সেই সাথে প্রায় হারিয়ে গেছে মাটির তৈরি বিভিন্ন পণ্যের পসরা সাজানো গ্রামীণ সংস্কৃতির নানা উপকরণ ও গৃহস্থলীর নানা ধরনের প্রয়োজনীয় সামগ্রীর দোকান। একসময় এদেশীয় সংস্কৃতিতে মাটির তৈরি জিনিসপত্রের যথেষ্ট ব্যবহার ও কদর ছিলো। গ্রামীণ মানুষের নিত্যপ্রয়োজনীয় গৃহস্থলির ব্যবহার্য জিনিসপত্রের চাহিদা মেটাতো এই মৃৎশিল্প। সহজলভ্য এই শিল্প আজ প্রায় বিলুপ্তির পথে। পূঁজির অভাবে দিন দিন হারিয়ে যাচ্ছে ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার পৌর এলাকার শিবনগরের কুমার পাড়ায় গড়ে উঠা মৃৎশিল্প। জনশ্রুতি থেকে জানা যায়, এক সময় এই উপজেলা মৃৎশিল্পের জন্য সুপ্রসিদ্ধ ছিল। দেশের বিভিন্ন স্থান থেকে পাইকারি ব্যবসায়ীরা এখানে এসে মাটির তৈরি জিনিসপত্র কিনে নিয়ে যেত। এমন এক সময় ছিল যখন, বাংলার ঘরে ঘরে মাটির তৈরির হাড়ি পাতিল, কলসি, থালা, বাটি, ফুলের টব, ফুলদানি, পয়সা জমানোর ব্যাংক, খাবার টেবিল, খেলনা, সৌখিন সামগ্রীসহ নানা জিনিসপত্রের ব্যবহার হত। কালীগঞ্জ শহরের পাশ দিয়ে প্রবাহিত চিত্রা নদীর তীরবর্তি দোঁ আশ মাটির সহজলভ্যতা এবং পরিবহনের সুবিধার্থে এ শিল্পগুলো গড়ে ওঠেছে। উপজেলার বিভিন্ন এলাকা ঘুরে দেখা ২-এর পাতায় দেখুন

## মানহানির ক্ষেত্রে সাংবাদিকদের সর্বোচ্চ ২৫ লাখ টাকা জরিমানা

**নিজস্ব প্রতিবেদক :** বহুল আলোচিত ডিজিটাল নিরাপত্তা আইন-২০১৮ পরিবর্তনের সিদ্ধান্ত নিয়েছে সরকার। সোমবার (৭ আগস্ট) সকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে মন্ত্রিসভার বৈঠকে এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে। ডিজিটাল নিরাপত্তা আইনের পরিবর্তে সাইবার নিরাপত্তা আইন করা হবে।

শুধু নাম নয় পরিবর্তন করা হচ্ছে বেশ কিছু ধারাতেও। সোমবার দুপুরে গণমাধ্যমকে এমনটাই জানিয়েছেন আইনমন্ত্রী আনিসুল হক।

ডিজিটাল নিরাপত্তা আইনের ২৯ ধারায় মানহানির বিচার করা হয়। এই ধারায় বলা হয়েছে, 'যদি কোনো ব্যক্তি ওয়েবসাইট বা অন্য কোনো ইলেকট্রনিক বিন্যাসে দণ্ডবি-ধির ৪৯৯ ধারায় বর্ণিত মানহানিকর তথ্য প্রকাশ ও প্রচার করেন, তার জন্য তিনি অনধিক তিন বছর পর্যন্ত কারাদণ্ড বা অনধিক ৫ লাখ টাকা পর্যন্ত কারাদণ্ডে বা উভয় দণ্ডে দণ্ডিত হবেন। নতুন আইনে এ জরিমানা ২০ লাখ টাকা বাড়িয়ে ২৫ লাখ টাকা করা হয়েছে।

এছাড়াও আরও অনেকগুলো ধারায় পরিবর্তন করা হবে। যেসব ধারায় পরিবর্তন হচ্ছে:

২৮ ধারা : সাজা কমানো হয়েছে। জামিন যোগ্য করা হয়েছে।

২৯ ধারা : কারাদণ্ড বিলুপ্ত করে শুধু জরিমানা করা হয়েছে। অর্থ দণ্ড ২৫ লাখ অনাদায়ে কারাদণ্ড সর্বোচ্চ ৩ থেকে ৬ মাস (মানহানি কর তথ্য প্রচার করলে)।

# বাবা-মায়ের কবরের পাশে চিরনিদ্রায় শায়িত কবি মোহাম্মদ রফিক



**শিহাব উদ্দিন রুবেল, বাগেরহাট :** বাগেরহাট সদর উপজেলার বেমরতা ইউনিয়নের চিতলী-বৈটপুর গ্রামে নিজ বাবা-মায়ের কবরের পাশে চিরনিদ্রায় শায়িত হলেন একুশে পদক প্রাপ্ত কবি মোহাম্মদ রফিক। সোমবার (০৭ আগস্ট) বেলা ১১টায় চিতলী-বৈটপুর এলাকায় উদ্দিপন বদর সামছু বিদ্যা নিকেতনে নামাজে জানাজা অনুষ্ঠিত হয়। নামাজে জানাজা শেষে কবির দাফন সম্পন্ন হয়।এর আগে উন্নত চিকিৎসার জন্য বরিশাল থেকে ঢাকা নেওয়ার পথে রবিবার (০৬ আগস্ট) রাত ৯টার দিকে তিনি শেষ নিশ্বাস ত্যাগ করেন কবি মোহাম্মদ রফিক । মৃত্যকালে তাঁর বয়স হয়েছিল ৮০ বছর। তিনি দুই ছেলে, নাতী-নাতনিসহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন। কবির জানাজায় ২-এর পাতায় দেখুন

## যান্ত্রিক ক্রটির কারণে মেট্রোরেলের ৪০ মিনিট বিলম্ব

**স্টাফ রিপোর্টার :** যান্ত্রিক ক্রটির কারণে মেট্রোরেল ৪০ মিনিট বিলম্বে ছেড়েছে। এতে করে ভোগান্তিতে পড়েছিলেন অফিসগামী যাত্রীরা। সোমাব-ার সকালে মেট্রোরেল চলাচলের পিক আওয়ারে এমন ঘটনা ঘটে। এতে যাত্রীদের দীর্ঘ সময় অপেক্ষা করতে হয়। ছুটির দিন শুক্রবার ছাড়া মেট্রোরেল প্রতিদিন সকাল ৮টায় চলাচল শুরু করে। ফেসবুক গ্রুপ 'ট্রাফিক অ্যালার্টে' মোহাম্মদ মাহমুদ নামে এক যাত্রী ছবি পোস্ট করে লিখেছেন, ৪০ মিনিট ধরে উত্তরার দিকের ট্রেনের জন্য অপেক্ষা করছি। সে (মেট্রো ট্রেন) হয়তো কোথাও জ্যামে আটকে গেছে। সকাল ৮টা থেকে ১১টা পর্যন্ত প্রতি ১০ মিনিট পরপর স্টেশনে ট্রেন পাওয়ার কথা। সেই হিসাবে উভয়দিকে চারটি ট্রেন বিলম্বে এসেছে। এতে করে অফিসগামীদের ভিড় বেড়েছিল প্ল্যাটফর্মে। মেট্রোরেলের ভেতরটা ছিল কানায় কানায় পরিপূর্ণ।

## চট্টগ্রাম মহানগরীর সব স্কুল-কলেজ বন্ধ ঘোষণা

**নিজস্ব প্রতিবেদক :** চট্টগ্রাম মহানগরীর সরকারি-বেসরকারি সব স্কুল-কলেজ মঙ্গলবার (৮ আগস্ট) বন্ধ ঘোষণা করা হয়েছে। সোমবার (৭ আগস্ট) বিকেল পৌনে ৫টার দিকে শিক্ষা মন্ত্রণালয়ের তথ্য ও জনসংযোগ কর্মকর্তা মোহাম্মদ আবুল খায়ের এ তথ্য জানান।

মন্ত্রণালয় জানায়, অতিরিক্ত বৃষ্টি ও জলাবদ্ধতার কারণে আগামীকাল মঙ্গলবার (৮ আগস্ট) শুধুমাত্র চট্টগ্রাম ২-এর পাতায় দেখুন



## ঝিনাইদহে ভূমি ও গৃহহীন পরিবারকে জমি ও গৃহ প্রদান উপলক্ষে প্রেস ব্রিফিং

**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহে ভূমি ও গৃহহীন পরিবারকে জমি ও গৃহ প্রদান উপলক্ষে প্রেস ব্রিফিং করেছেন ঝিনাইদহের জেলা প্রশাসক এস.এম রফিকুল ইসলাম। সোমবার বিকালে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত ব্রিফিং অনুষ্ঠিত হয়। আগামী ৯ আগষ্ট প্রধানমন্ত্রী ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে ৪র্থ পর্যায়ে জমিসহ গৃহ হস্তান্তর কার্যক্রমের উদ্বোধন করবেন। এ পর্যায়ে ১২২ টি পরিবারকে ২ একর ৪৬ শতক খাস জমি বন্দোবস্ত দেয়া হবে যার বাজার মূল্য ৩ কোটি টাকা। ওই দিনই প্রধানমন্ত্রী ঝিনাইদহ সদর উপজেলাকে ভূমিহীন-গৃহহীনমুক্ত ঘোষণা করবেন। প্রেস ব্রিফিং অনুষ্ঠানে উপস্থিত ছিলেন স্থানীয় সরকার ২-এর পাতায় দেখুন

## মেহেরপুরে ফুটবল টুর্নামেন্টে মোনাখালী নওদাপাড়া বিপ্লবী ক্লাব জয়ী

**মেহেরপুর প্রতিনিধি :** মেহেরপুরের মুজিবনগর উপজেলার মোনাখালী যুব সম্প্রদায়ের উদ্যোগে মোনাখালী ফুটবল টুর্নামেন্টে মোনাখালী নওদাপাড়া বিপ্লবী ক্লাব জয়লাভ করেছে। সোমবার বিকালে মোনাখালী মাঠে অনুষ্ঠিত দ্বিতীয় রাউন্ডের চতুর্থ খেলায় মোনাখালী নওদাপাড়া বিপ্লবী ক্লাবশ ৩-১গরিবপুর ফুটবল একাদশকে পরাজিত করে । খেলায় বিজয়ী দলের পাভেল, তরুণ ও সাহারুল একটি করে গোল করেন। গরিবপুর একাদশের পক্ষে শাহিন একটি গোল পরিশোধ করেন। খেলায় বিজয় দলের গাফফার ম্যান অব দ্যা ম্যাচ নির্বাচিত হন। খেলা শেষে ম্যান অব দ্যা ম্যাচের পুরস্কার বিতরণ করা হয়। মোনাখালী ইউনিয়নের ২-এর পাতায় দেখুন

# মহেশপুরে সাংবাদিকদের সাথে ইউএনও'র মতবিনিময় ও প্রেস ব্রিফিং



**মোঃ আজাদ, মহেশপুর :** মহেশপুরে কর্মরত সাংবাদিকদের সাথে মতবিনিময় ও পেস ব্রিফিং করেছেন উপজেলা নির্বাহী কর্মকর্তা নয়ন কুমার রাজ বংশী। সোমবার সকালে মহেশপুর উপজেলা পরিষদের হল রুমে সাংবাদিকদের সাথে এ মতবিনিময় ও পেস ব্রিফিং অনুষ্ঠিত হয়। মতবিনিময় ও পেস ব্রিফিংয়ে মাননীয় প্রধানমন্ত্রী কতৃক ভুমিহনি ও গ্রহহীন পরিবারের মাঝে ৪র্থ পর্যায়ের (২য় ধাপ) জমিসহ গৃহ প্রদান কার্যক্রম নিয়ে সাংবাদিকদের সাথে মতবিনিময় করেন মহেশপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা নয়ন কুমার রাজ বংশী। এ সময় তিনি বলেন,যাদের মাথা গোজার ঠাই ছিলনা,তার ২ শতাংশ জমি ও পাকা ঘর পাচ্ছে, এই ঘর মাননীয় প্রধানমন্ত্রীর তাদেরকে উপহার দিয়েছে তারা তাদেও জীবণ ও ভাগ্যটাকে বদলে ফেলবে এবং এটি তাদের একটি অবলম্বন হিসেবে কাজ করবে।

মতবিনিময় ও পেস ব্রিফিংয়ে উপস্থিত ছিলেন উপজেলা সহকারী কমিশনার ভূমি শরীফ শাওন,উপজেলা প্রকৌশলী (এলজিইডি) সৈয়দ শাহারিয়া আকাশ,উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা মেহেরুন নেছা,বেনজামিন বিশ্বস,মহেশপুর প্রেসক্লাবের সভাপতি আব্দুর রহমান,মহেশপুর মডেল প্রেসক্লাবের সভাপতি আবুল হোসেন লিটন,উপজেলা ২-এর পাতায় দেখুন



## ইউরোপের বাজারে পোশাক রপ্তানিতে শীর্ষে বাংলাদেশ

**স্টাফ রিপোর্টার :** ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) বাজারে তৈরি পোশাক রপ্তানির পরিমাণে চীনকে প্রথমবারের মতো টপকে শীর্ষে পৌঁছে গেছে বাংলাদেশ। ইইউর বাজারে গত বছর অন্য যেকোনও দেশের তুলনায় বাংলাদেশ সর্বোচ্চ ১৩৩ কোটি কেজির সমপরিমাণ তৈরি পোশাক রপ্তানি করেছে। অন্যদিকে চীন রপ্তানি করেছে ১৩১ কোটি কেজির সমপরিমাণ তৈরি পোশাক। ২০২১ সালের তুলনায় গত বছর পরিমাণের দিক থেকে বাংলাদেশের পোশাক রপ্তানি ২১ দশমিক ২০ শতাংশ বাড়লেও চীনের বেড়েছে ১১ দশমিক ৮৬ শতাংশ।

# অশান্তি,অস্থিরতা ও অনিশ্চয়তা তৈরী হয়, এমন রাজনীতি করে না জাকের পার্টি : শামীম হায়দার



**নিজস্ব প্রতিবেদক :** জাকের পার্টির মহাসচিব শামীম হায়দার বলেছেন এমন কোনো রাজনৈতিক কর্মসূচি জাকের পার্টি অতীতে দেয়নি, এখনো দেবে না, যা জনগনের ভোগান্তি ডেকে আনে। অশান্তি,অস্থিরতা ও অনিশ্চয়তা সৃষ্টি করে। অযথা দু:খ কষ্টে নিপতিত হয় সাধারণ জনগন। জাকের পার্টি চেয়ারম্যান মোস্তফা আমীর ফয়সল দেশের রাজনৈতিক সংস্কৃতির গুণগত পরিবর্তন চান। হানাহানি নয়, পরমত সহিষ্ণুতা ও স্থিতিশীল রাজনীতির বিকাশ চান মোস্ড়ফা আমীর ফয়সল। সোমবার বিকালে ঝিনাইদহ -২ আসনের কাউন্সিলে প্রধান অতিথির বক্তৃতাকালে তিনি এ সব কথা বলেন। জাকের পার্টির ২-এর পাতায় দেখুন

## মেহেরপুরে হেরোইনসহ এক নারী মাদক ব্যবসায়ী গ্রেফতার



**মেহেরপুর প্রতিনিধিঃ** মেহেরপুর জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মাদক বিরোধী অভিযানে ২০ গ্রাম হেরোইন সহ হাচেনা খাতুন নামের মাদক ব্যবসায়ী গ্রেফতার। রবিবার সকালের দিকে মেহেরপুর সদর উপজেলার পিরোজপুর গ্রামে অভিযান চালিয়ে হাচেনাকে গ্রেফতার করা হয়। হাচেনা মেহেরপুর সদর উপজেলার বুড়িপোতা গ্রামের আব্দুল লতিফ ওরফে কালুর স্ত্রী। জানা গেছে গোপন সুত্রে খবর পেয়ে মেহেরপুর জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক আবুল হাশেমের নেতৃত্বে জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপবিভাগীয় পরিদর্শক মদনমোহন সাহা, সহকারী উপ পরিদর্শক রুহুল আমিনসহ জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অন্যান্য সদস্যরা পিরোজপুর পশ্চিম পাড়ার আলেক ২-এর পাতায় দেখুন

## সরিষাবাড়ীতে গৃহহীনদের মধ্যে ভুমি ও গৃহ প্রদান উপলক্ষে প্রশাসনের প্রেস ব্রিফিং



**মাজহারুল ইসলাম শাওন, সরিষাবাড়ী :** সারাদেশের ন্যায় মুজিববর্ষ উপলক্ষে ৪র্থ পর্যায়ে জামালপুরের সরিষাবাড়ীতে ভুমিহীন ও গৃহহীন অসহায় পরিবারের মধ্যে জমি ও গৃহ হস্তান্তেরের বিষয়ে প্রেস ব্রিফিং অনুষ্ঠিত হয়েছে। সোমবার সকালে উপজেলা পরিষদ মিলনায়তনে এ প্রেস ব্রিফিংয়ের আয়োজনে করে উপজেলা প্রশাসন। উপজেলা নির্বাহী অফিসার শারমিন আক্তার প্রেস ব্রিফিংয়ে সাংবাদিকদের বলেন, উপজেলায় ৪র্থ পর্যায়ে ৫০ টি ভুমিহীন ও গৃহহীন পরিবারের কাছে একটি বাড়ী ও ২ শতক জমি হস্তান্তর করা হবে। আগামী ৯ আগস্ট প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভার্চুয়ালি সংযুক্ত হয়ে এ কার্যক্রমের উদ্বোধন করবেন। এরপর গৃহহীন পরিবারকে গৃহ এবং জমির দলিল হস্তান্তর করা হবে। তিনি আরো ২-এর পাতায় দেখুন

## ডেঙ্গুর প্রকোপ বাড়ায় জাতীয় মানবাধিকার কমিশনের উদ্বেগ

**স্টাফ রিপোর্টার :** ডেঙ্গুর প্রকোপ আশঙ্কাজনকভাবে বেড়ে যাওয়ায় উদ্বেগ প্রকাশ করেছে জাতীয় মানবাধিকার কমিশন। গতকাল সোমবার গণমাধ্যমে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ উদ্বেগ প্রকাশ করে রাষ্ট্রীয় এ সংস্থাটি। জাতীয় মানবাধিকার কমিশনের সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, প্রতিদিন গড়ে ১০ জনের বেশি মানুষ ডেঙ্গুতে আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করছে বলে গণমাধ্যমগুলোতে প্রকাশিত হচ্ছে। গতকাল সোমবার সারাদেশে ডেঙ্গু আক্রান্ত হয়ে আরও ২ হাজার ৭৬৪ জন ২-এর পাতায় দেখুন

## চলমান আবহাওয়া পরিস্থিতি আরও দু'দিন

**স্টাফ রিপোর্টার :** তপ্ত গরমের পর স্বস্তি নিয়ে এসেছিল শ্রাবণের ধারা। মৌসু-মি বায়ু সক্রিয় হয়ে ওঠায় আকাশ ঢেকে যায় কালো মেঘে। দেশের কোথাও কোথাও দুই-তিন দিন ধরে টানা ভারী বৃষ্টি হচ্ছে। তৈরি হয়েছে জলাবদ্ধতা। আবহাওয়া অধিদপ্তর জানিয়েছে, এই অবস্থা আজ মঙ্গলবার ও আগামীকাল বুধবারও চলতে পারে। উপকূলীয় এলাকাসহ নদী বন্দরগুলোতে ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। সমুদ্রবন্দরে আগের মতোই ৩ নম্বর এবং নদীবন্দরে ১ নম্বর সতর্কতা সংকেত দেখাতে বলা হয়েছে। আবহাওয়াবিদ এ কে এম নাজমুল হক বলেন, আগামী দুই দিন, অর্থাৎ ৮ ও ৯ আগস্ট দেশের আবহাওয়া এমনই থাকবে। তবে কোথাও কোথাও বৃষ্টির পরিমাণ কমে আসতে পারে। আবহাওয়া অধিদপ্তর জানায়, মৌসুমি বায়ুর অক্ষ পাঞ্জাব, হরিয়ানা, উত্তর প্রদেশ, বিহার, পশ্চিমবঙ্গ এবং বাংলাদেশের মধ্যাঞ্চল হয়ে আসাম পর্যন্ত বিস্তৃত রয়েছে। মৌসুমি বায়ু বাংলাদেশের ওপর সক্রিয় এবং উত্তর বঙ্গোপসাগরে মাঝারি থেকে প্রবল অবস্থায় রয়েছে। আগামী ২৪ ঘণ্টার পূর্বাভাসে বলা হয়, রংপুর, রাজশাহী, ময়মনসিংহ, ঢাকা, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অধিকাংশ জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে।

# অনুমতি না নিয়ে ফেসবুকে আপলোড করা হয় ছবি ক্যাপশনে অপ্রীতিকর অসামাজিক মন্তব্য




**মেহেরাব হোসেন অপিঃ** ফেসবুক খুললেই চোখে পড়ে মেহেরপুর ক্রাশ অ্যান্ড কনফেশন নামের একটি ফেসবুক পেইজ। বিভিন্ন পেইজে বিভিন্ন রকমের ছবি, ভিডিও আপলোড করা হলেও এখান থেকে আপলোড করা হয় বিভিন্ন ধরনের অপ্রীতিকর ছবি । ক্যাপশনেও লেখা হয় বিভিন্ন ধরনের আজেবাজে অসামাজিক মন্তব্য। কারোর অনুমতি না নিয়েই আপলোড করা হয় এসব ছবি ও অপ্রীতিকর অসামাজিক আজেবাজে মন্তব্য। কারো ব্যক্তিগত ছবি ফেসবুকে আইডি কিনবা পেইজে আপলোড করতে গেলে তার অনুমতি নেওয়া লাগে তবে এসব নিয়ম নীতির তোয়াক্কা করেন না এই পেইজের এডমিনরা, অনায়াসেই আপলোড করেন মানুষের ব্যক্তিগত ছবি। এতে ক্ষুব্ধ মেহেরপুরের সুশীল সমাজ। ক্ষুব্ধ সাধারণ শিক্ষার্থীসহ সব ধরনের মানুষ। তবে কে এই পেজের এডমিন? কারা করছে এমন? কারা ছড়াচ্ছে এসব বিভ্রান্তিমূলক তথ্য এবং ছবি? এই চক্রটির উদ্দেশ্যই বা কি? এটা জানার আগ্রহ রয়েছে মানুষের, কিন্তু চেষ্টা করেও ২-এর পাতায় দেখুন



## মেহেরপুরে হেরোইনসহ মাদক ব্যবসায়ী গ্রেফতার

**মেহেরপুর প্রতিনিধিঃ** মেহেরপুর জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মাদক বিরোধী অভিযানে ২ গ্রাম হেরোইন সহ আলামিন সাজু নামের এক মাদক ব্যবসায়ী গ্রেফতার। রবিবার দুপুরের দিকে মেহেরপুর শহরের সার্কিট হাউস সড়কে অভিযান চালিয়ে আলামিন সাজুকে ২-এর পাতায় দেখুন



## গাংনীতে নাশকতা মামলায় গ্রেপ্তার ২

**মেহেরপুর প্রতিনিধিঃ** মেহেরপুরের গাংনীতে নাশকতা মামলায় বিএনপি দুই কর্মীকে গ্রেপ্তার করেছে পুলিশ। রবিবার দিবাগত রাতে তাদের গ্রেপ্তার করে। গ্রেপ্তারকৃতরা হলো, গাংনী পৌর এলাকার চৌগাছার জুলফিকার আলীর ছেলে গাংনী পৌর ছাত্রদলের সাবেক আহ্বায়ক রেজাওয়ানুল হক ইমন (২৮) ও ধর্মচাকি গ্রামের মৃত আশরাফ হোসেনের ছেলে সাহারবাটি ইউনিয়ন বিএনপ্থির সহ-সভাপতি শহীদুজ্জামান শহীদ (৫৮)। গাংনী থানা ভারপ্রাপ্ত কমকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক জানান, গত ২ আগস্ট বিএনপ্থির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান ও ডা. জুবাইদা ২-এর পাতায় দেখুন




সম্পাদকমন্ডলীর সভাপতি : **আব্দুল হাই এমপি (সাবেক প্রতিমন্ত্রী)** সম্পাদক ও প্রকাশক : **আলী কদর পলাশ,** ভারপ্রাপ্ত সম্পাদক : **তানভীর হাসান (জিসান হাই),**ব্যবস্থাপনা সম্পাদক : **আশরাফুল আলম চঞ্চল,** নির্বাহী সম্পাদক : **তুহিন আরণ্য**
**সম্পাদক ও প্রকাশক আলী কদর পলাশ** কর্তৃক ঢাকা : হাউস ১৭ রোড ২৮ ধানমন্ডি, ঢাকা-১২০৫। **ঝিনাইদহ অফিস : হোল্ডিং নম্বর ০০৬২-০০, রাস্তা ০৯,০৯১ (এমপি হাই সাহেবের বাসভবন) আরাপপুর, ঝিনাইদহ।**। চুয়াডাঙ্গা থেকে প্রকাশিত এবং মেসার্স আলিফ প্রিন্টিং প্রেস ২২১ ফকিরাপুল, মতিঝিল, ঢাকা-১০০০ থেকে মুদ্রিত । ই-মেইল : eaiamardesh@gmail.com ফোনঃ ০১৭৫৮-২৮২৩৪৫, ০১৭৩৪-১০৪৪১৪ **বিজ্ঞাপন-সার্কুলেশন : ০১৯৬৯৮৩১৯১৮**




১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত
দৈনিক এই আমার দেশ
Daily Eai Amar Desh
e-paper.eaiamardesh.com
www.eaiamardesh.com

### মুন্সীগঞ্জে ট্রলারডুবি

## এমন করুণ মৃত্যু আর কত?

আবারো ট্রলারডুবি, প্রাণহানি ও যাত্রী নিখোঁজের ঘটনা ঘটেছে। শনিবার রাতে মুন্সীগঞ্জের লৌহজংয়ে বাল্কহেডের সঙ্গে ধাক্কায় পিকনিকে যাওয়া একটি ট্রলার ডুবে আটজনের প্রাণহানির খবর পাওয়া গেছে। নিখোঁজ রয়েছেন আরো চারজন। আহত হয়েছেন কমপক্ষে ১০ জন। ট্রলারটিতে ৪৬ জন যাত্রী ছিলেন। প্রতিনিয়ত নৌকা বা ট্রলারডুবিতে মানুষের মৃত্যু ঘটছে। নদীতে ঝুঁকি নিয়ে নৌকা-ট্রলার চলাচল করলেও সংশ্লিষ্ট কর্তৃপক্ষ উদাসীন। কর্তৃপক্ষ দায়ভার এড়াতে পারে না। জানা গেছে, সিরাজদীখান উপজেলা থেকে একটি ভাড়া করা ট্রলারে পদ্মা নদীতে পিকনিকে যান প্রায় ৫০ জন। সারাদিন নদীতে বিনোদন শেষে ডহরি-তালতলা খাল দিয়ে ট্রলারটি ফিরছিল। রসকাঠি এলাকায় লৌহজংমুখী একটি বাল্কহেড নিয়ন্ত্রণ হারিয়ে ট্রলারে ধাক্কা দিলে সেটি ডুবে যায়। এই খাল দিয়ে গত বর্ষায় লৌহজং উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) বাল্কহেড চলাচল নিষিদ্ধ করেছিলেন। এমনকি বেপরোয়া এই বাল্কহেড চলাচল বন্ধে বালিগাঁও বাজারের কাছে আড়াআড়ি বাঁশ বেঁধে বাল্কহেড চলাচল রোধ করা হয়েছিল। তাছাড়া রাতে বাল্কহেড চলাচলে নিষেধাজ্ঞা থাকলেও কোনোমতেই এসব বালুবাহী বাল্কহেড চলাচল বন্ধ করা যাচ্ছে না বলে অভিযোগ উঠেছে। দেশের যোগাযোগ, যাতায়াত ও ব্যবসা-বাণিজ্যের বড় একটা মাধ্যম হচ্ছে নৌপথ। নৌপথে যাতায়াত ব্যবস্থা এখন উন্নত হলেও এ ক্ষেত্রে সার্বিক ব্যবস্থা খুব উন্নত, তা বলা যাবে না। নৌপথে বড় জাহাজ ছাড়াও ছোট ছোট ট্রলার ও ইঞ্জিনচালিত নৌকা চলাচল করে। দেখা যায়, প্রায়ই নৌকা-ট্রলারগুলো দুর্ঘটনার শিকার হচ্ছে। অতিরিক্ত যাত্রী বোঝাইয়ের কারণে বোদার এ ঘটনা ঘটেছে। নানা সময় দুর্ঘটনা-পরবর্তী তদন্ত প্রতিবেদনে বিষয়গুলো উঠে এলেও সমাধানে কার্যকর কোনো পদক্ষেপই নেয়া হয় না। মুন্সীগঞ্জের লৌহজংয়ে দুর্ঘটনায় তদন্ত কমিটি গঠন হবে। তদন্ত কমিটির সুপারিশ আর আলোর মুখ দেখবে কিনা সন্দেহ আছে। আসলে নৌপথে ঘটে যাওয়া মর্মান্তিক ঘটনাগুলোকে দুর্ঘটনা বললে ভুল হবে। এগুলো এক প্রকার হত্যাকাণ্ড। হত্যার বিচারের মতোই এগুলোর বিচার হওয়া উচিত। কিন্তু তা হয় না। বিভিন্ন জটিলতায় বিগত ৯ বছর ধরে আটকে রয়েছে অভ্যন্তরীণ নৌপরিবহন আইন সংশোধন কার্যক্রম। এর ওপর কয়েকগুণ বেড়েছে নৌপথে নৌযানের সংখ্যা। যার প্রভাবে কোনোভাবেই কমানো যাচ্ছে না নৌ-দুর্ঘটনার সংখ্যা। তাই অনিয়ন্ত্রিত স্পিডবোট, লঞ্চ কিংবা বাল্কহেডের অবাধ চলাচল কমিয়ে আনতে হবে। বিশেষ করে বর্তমানে বাল্কহেডের অতিরিক্ত গতি এবং নিয়মমাফিক চলাচল না করায় এর সঙ্গে লঞ্চ কিংবা স্পিডবোটের সংঘর্ষে বেশি দুর্ঘটনা ঘটছে। এতে প্রাণহানিও বাড়ছে। গত সাত দশকে দেশে ২ হাজার ১২২টি নৌ-দুর্ঘটনায় সরকারি হিসাবে ৬ হাজার যাত্রী নিহত হয়েছেন। এসব দুর্ঘটনায় ২০ হাজার মামলা হয়েছে। এর মধ্যে নিষ্পত্তি হয়েছে মাত্র ১৪১টি। আমরা মনে করি, নৌ-নিরাপত্তা সুনিশ্চিত করার জন্য নৌ-পুলিশ, কোস্টগার্ড, বিআইডব্লিউটিএর সমন্বয়ে একটি শক্তিশালী টাস্কফোর্স গঠন করা প্রয়োজন। সরকারকে নৌ-দুর্ঘটনাগুলো গুরুত্ব দিয়ে বিবেচনা করতে হবে। এ ক্ষেত্রে নৌ ও দুর্যোগ মন্ত্রণালয়কে পুনর্বাসন কাজে এগিয়ে আসতে হবে। নৌ-চলাচলের ক্ষেত্রে ঝুঁকিপূর্ণ নৌরুটগুলো চিহ্নিত করা প্রয়োজন এবং এর তীরবর্তী লোকালয়গুলোয় উদ্ধার কর্মীদের টাস্কফোর্স গঠন করে এদের নিয়মিত প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। অগণিত মানুষের নিরাপদ যাতায়াত ও সুষ্ঠু ব্যবসা-বাণিজ্য অব্যাহত রাখতে নৌপথের দিকে নজর দিতে হবে জরুরিভিত্তিতে।

## ঝিনাইদহ-যশোর ৬ লেন সড়ক প্রকল্পের

সাংবাদিক, জনপ্রতিনিধি সহ বিভিন্ন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।এসময় বক্তারা বলেন, দেশ উন্নয়নের মহাসড়কে এগিয়ে চলেছে। এরই ধারাবাহিকতায় পশ্চিম অর্থনৈতিক করিডোর এবং আঞ্চলিক বিকাশ কর্মসূচী উইকেয়ার ঝিনাইদহ-যশোর সড়ক সেকশন (ফেজ-১) প্রকল্পের ভূমি অধিগ্রহন ও পূনর্বাসন কর্ম পরিকল্পনার কার্যক্রম শুরু হয়েছে। যা চলতি বছরের শেষ দিকে ঝিনাইদহ-যশোর ৪৭ কিলোমিটার সড়কের কাজ শুরু হয়ে তা শেষ হবে ২০২৬ সালের জুন মাসে।

## ভেঙে পড়ার ঝুঁকিতে ঝিনাইদহ

হাজার মানুষ যাওয়া আসা করে। এ বিষয়ে স্থানীয় গণমাধ্যম কর্মী ওমর ফারুক জানান, আমরা ব্রিজটির কাছে গিয়েছিলাম যখন নদীতে স্রোত থাকে সেই সময় নিচে পানির স্রোতে পিলারের নিচের অংশ ভেঙে আলগা হয়ে গেছে এবং এই ব্রিজটির দীর্ঘদিন বয়স হওয়ার কারণে যে কোন সময় ঘটতে পারে বড় ধরনের দুর্ঘটনা। আমি কর্তৃপক্ষের কাছে আবেদন জানাবো ব্রিজটি দ্রুত মেরামতের জন্য।

এ বিষয়ে স্থানীয় অনেকের সাথে কথা বললে তারা দাবি জানান,আমাদের অনেক চাষি জমি রয়েছে ওই পারে এজন্য আমাদের নিয়মিত যাতায়াত করা লাগে এজন্য আমাদের একটাই দাবি ব্রিজটি দ্রুত ঝুকি মুক্ত করা হোক।

## চুয়াডাঙ্গার সিএন্ডবি পাড়ার

হক মন্ডল, কমিটির উপদেষ্টা ইনিজ. রফিকুল ইসলাম বিশ্বাস, সভাপতি মো. জহুরুল ইসলাম ঝন্টু, ১নং সহ-সভাপতি সাংবাদিক এম এ মতিন, সাধারণ সম্পাদক, শামসুল হক, সিএন্ডবি পাড়া জামে মসজিদের সাধারণ সম্পাদক, মোঃ আবুল হাশেম, ঈমাম, মোঃ আব্দুল গনি, সিএন্ডবি উত্তর পাড়া জামে মসজিদের সভাপতি মোঃ শের আলী, সাধারণ সম্পাদক, বাবুল আক্তার, ঈমাম মওলানা মাসুদ আল-মামুন, ডেকোরেটর ও সাজসজ্জা বিষয়ক সম্পাদক, মোঃ ঈছানূল হক মন্ডল, উমর আলী,আনছার আলী, আলম আলী, আক্তার আলী শেখ, ইসরাফিল হোসেন, মোঃ সিদ্দিক আলী, মোঃ বাবর আলী, সিরাজুল, ইকরামুল, লাল মিয়া, মুয়াজ্জিন, আক্তারুজ্জামান, রমজান আলী পিন্টু, জাহিদ হাসান, সাঈদ হাসান, রমযান, বজলু,মিজারসহ এলাকা বাসীসহ আরও অনেকে উপস্থিত ছিলেন।

## মুজিববর্ষ উপলক্ষে বাগেরহাটে

ঘরের চাবি হস্তান্তর করা হবে। এইএর আগেও জেলায় ২ হাজার ৮২৫ জন ভূমিহীনকে প্রধানমন্ত্রীর উপহার হিসেবে জমিসহ ঘর প্রদান করা হয়েছে।

## অভয়নগরে নওয়াপাড়া ষ্টেশন

আছে। বিশেষ করে আফিল ট্রেডার্সের সামনে সবচেয়ে বড় গর্তটি যেন মরণ ফাঁদে পরিণত হয়েছে। তবে রেল কোম্পানী ও নওয়াপাড়া পৌরসভার রশি টানা টানিতে এই সড়কটির এমন দুরগতি বলে জানাগেছে। কেউ সংস্কার কিংবা সড়কটি নির্মাণে এগিয়ে আসছেনা। এনিয়ে চরম বিপাকে পড়েছে ওই সড়ক দিয়ে যাতায়াতকারী ট্রাকগুলি ও দুপাশের ব্যবসায়ীরা।

স্থানীয় ব্যবসায়ীরা জানান, ভৈরব নদী তীরে রয়েছে বেশ কয়েকটি ঘাট ও গোডাউন। তার উল্লেখ্য যোগ্য রয়েছে মাস্টার কর্পোরেশনের ঘাট, দি গোল্ডেন ও গোল্ডেন এন্টারপ্রাইজের ঘাটসহ বেশ কয়েকটি ঘাট। এছাড়াও এই সড়কের শেষ মাথায় রয়েছে এলজিইডি'র বড় গোডাউন। যা ব্যক্তি মালিকানায় ভাড়া দেয়া হয়েছে। প্রতিদিন এসব ঘাট থেকে সার, সিমেন্ট, কয়লা, গম, ভুট্টাসহ নানা প্রকার মালামাল লোড নিয়ে নানা গন্তব্যে ছুটে চলে। কিন্তু লোড গাড়ীগুলি এই সড়ক দিয়ে চলাচলের একেবারেই অনুযোগী হয়ে উঠেছে। অথচ এটা দীর্ঘদিনেও সংস্কার কিংবা নির্মাণ করা হয়নি। তাছাড়াও ওই সড়কের পাশেই উপজেলা কৃষি অফিসের নতুন ৪তলা বিশিষ্ট নান্দনিক ভবন তৈরী করা হচ্ছে। অথচ তাদেরও কোন মাথা ব্যাথা নেই।

এব্যাপারে নওয়াপাড়া পৌরসভার মেয়র সুশান্ত কুমার শান্ত জানান, নওয়াপাড়া পৌরসভার পরিত্যাক্ত ভবনের পাশ দিয়ে যে রাস্তাটি ভৈরব নদীর দিকে গিয়েছে। ওই সড়কটি পৌরসভার না হওয়ায় দীর্ঘদিন এভাবে পড়ে রয়েছে। ওই সড়কটি রেল কোম্পানির হওয়ার কারণে আমরা নির্মাণ করতে পারিনি। হাল ম্যাপে সড়কটি নওয়াপাড়া পৌরসভার পরিত্যাক্ত ভবনের সাথে একই ছকের মধ্যে রয়েছে জানালে তিনি বলেন, পৌরসভার পরিত্যাক্ত ভবনটি অতিদ্রুত ভেঙ্গে নতুন ভবন নির্মাণ করা হবে। নতুন ভবন নির্মাণ করার সময় ওই সড়কটি একই সাথে উন্নয়ন করার পরিকল্পনা রয়েছে।

উল্লেখ্য, নওয়াপাড়া বাজারের যতগুলি ভৈরব নদী মুখী সড়ক রয়েছে তার সবগুলিই আরসিসি ঢালাই দিয়ে নির্মাণ করা হয়েছে। শুধুমাত্র এই সড়কটি অবহেলায় পড়ে রয়েছে।

## কোটচাঁদপুরে কর্মরত সাংবাদিকদের

বলরাম নগর গ্রামের ৮টি পরিবারের মাঝে আগামী (৯ আগস্ট) ঘর হস্তান্তর উপলক্ষে উপজেলা প্রশাসন আয়োজনে কোটচাঁদপুর উপজেলায় কর্মরত সাংবাদিকদের সাথে প্রেস ব্রিফিং করেছেন উপজেলা নির্বাহী অফিসার উছেন মে। সোমবার সকালে উপজেলা অফির্সাস ক্লাবে প্রেস ব্রিফিং করেন তিনি। এ সময় উপস্থিত ছিলেন উপজেলা সহকারী কমিশনার ভূমি নিরুপমা রায়সহ সাংবাদিকবৃন্দ।

## এক সপ্তাহের টানা বৃষ্টিতে

৫১০টি পরিবার। ১ হাজার ৫৮০টি মাছের ঘের প্লাবিত হয়েছে বলে জানিয়েছেন জেলা প্রশাসন।

সরেজমিনে বাগেরহাট পৌর এলাকা ঘুরে দেখা যায়, শহরের মিঠাপুকুরপাড়, খানজাহান আলী সড়ক, শালতলার মোড়, সাধণার মোড়, রাহাতের মোড়, মাছবাজার, কাঁচাবাজার, চালপট্টী, পুরাতন বাজার মোড়, বাসাবাটি, সাহাপাড়া, খানজাহান পল্লী-গোবরদিয়া, খারদ্বার, ভূমি অফিস মোড়সহ বাগেরহাট পৌরসভার নিম্নাঞ্চল প্লাবিত হয়েছে। শুধু বাগেরহাট পৌরসভা নয়, টানা বৃষ্টিতে মোংলা ও মোরেলগঞ্জ পৌরসভার বিভিন্ন সড়ক, বাজার এবং নিম্নাঞ্চল প্লাবিত হয়েছে। ভোগান্তি পড়েছেন ওই এলাকার মানুষ।

এদিকে বৃষ্টি ও জোয়ারের পানিতে রামপাল, মোংলা, মোরেলগঞ্জ ও কচুয়ার বেশকিছু এলাকায় মৎস্যঘের ডুবে মাছ বের হয়ে যাওয়ার খবর পাওয়া গেছে। মৎস্য চাষীরা নেট ও পাটা দিয়ে মাছ রক্ষার চেষ্টা করছেন। বৃষ্টি দু-একদিন স্থায়ী হলে এসব এলাকার বেশিরভাগ ঘের ডুবে যাবে বলে দাবি মাছ চাষীদের।

রামপাল উপজেলার সবুর রানা বলেন, এলাকার কিছু কিছু ঘের পানিতে ডুবে গেছে। বৃষ্টি হওয়ায় অনেকে ঘেরের চার পাশে নেট দিয়েছে। তিনি জানান, আমার ঘেরের একপাশে নেট দিতে না পারায় ওইপাশ দিয়েই মাছ বেরিয়ে গেছে।

বাগেরহাট শহরের রিকশা চালক রবিউল ইসলাম বলেন, সাতদিন ধরে লাগাতার বৃষ্টিতে খুবই অসহায় হয়ে পড়েছি। সকাল থেকে প্রচুর বৃষ্টি হওয়ার পরেও,বাধ্য হয়ে রিকশা নিয়ে বেরিয়েছি। লোকজন নেই, তারপরও দুই চারজন যা পাচ্ছি এই দিয়েই আজকের বাজার করতে হবে।

বাগেরহাট ট্রান্সকম কোম্পানীর এজেন্ট শেখ সাজু বলেন, অবিরাম বৃষ্টির জন্য আমাদের ব্যবসায়ীদের খুবই সমস্যা হচ্ছে। বৃষ্টিতে রাস্তাঘাট চলাচলের অনুপযোগী হয়ে পড়ে। সাধারণ মানুষ ঘর থেকে বের হতে পারছে না। যার ফলে আমাদের বিক্রয় একবারে নেই বললেই চলে।

বৃষ্টির পানিতে রাস্তাঘাট তলিয়ে যাওয়া ও জলাবদ্ধতার কারণ হিসেবে বাগেরহাট প্রেসক্লাবের যুগ্ন সাধারণ সম্পাদক আজমল হোসেন বলেন, ড্রেনগুলো বন্ধ থাকার কারণে সহজেই জলাবদ্ধতার সৃষ্টি হয়। ড্রেনগুলোতে অবৈধভাবে দোকান পাট দিয়ে বসেছে। সরকারের উচিত ড্রেনগুলোকে দখলমুক্ত করা। পৌরসভার পক্ষ থেকে ড্রেনগুলো পরিস্কার করলে, জলাবদ্ধতা কম হবে বলে মনে করেন তিনি।

মোরেলগঞ্জ পৌর এলাকার রকিবুল হোসেন বলেন, বৃষ্টির পানি সহজে নামতে না পাড়ায়, মোরেলগঞ্জ বাজার, বারুইখালী, উপজেলা পরিষদ চত্বর, কুঠিবাড়ি, এসিলাহা স্কুল, এসএম কলেজ, সরকারি বালিকা বিদ্যালয়, সেতারা আব্বাস টেকনিক্যাল কলেজ, রওশোনআরা ডিগ্রি কলেজ, আজিজিয়া মাধ্যমিক বিদ্যালয়সহ পৌরসবার বেশিরভাগ এলাকা পানিতে নিমজ্জিত রয়েছে। অনেকের পুকুরের মাছ বের হয়ে গেছে। পানিবন্ধি রয়েছে অনেক পরিবার। পৌর এলাকায় ড্রেনেজ ব্যবস্থা ভাল থাকল বৃষ্টির পানি এত বেশি জমতে পারত না বলে জানান তিনি।

বাগেরহাট কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক মোঃ রফিকুল ইসলাম বলেন, বৃষ্টিতে কৃষি মাঠে থাকা সবজি ও ফসলের কোন ক্ষতি হয়নি। বরং আমন ধানে বীজতলা ও সবজি ক্ষেতের উপকার হয়েছে বলে জানিয়েছেন। তিনি বলেন, বৃষ্টি যদি অব্যাহত থাকে তাহলে ঘেরের পারে থাকা সবজির ক্ষতি হওয়ার শঙ্কা রয়েছে।

পানি উন্নয়ন বোর্ড, বাগেরহাটের নির্বাহী প্রকৌশলী মোঃ মাসুম বিল্লাহ বলেন, পূর্নিমার জোয়ারের প্রভাব কেটে যাওয়ায় নদ-নদীর পানি কিছুটা কমেছে। কোন নদীর পানি বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত হচ্ছে না। তবে বৃষ্টির পানি সাধারণ মানুষকে খুব ভোগাচ্ছে। বাগেরহাটের অতিরিক্ত জেলা প্রশাসক মোঃ হাফিজ আল আসাদ বলেন, প্রাথমিক তথ্য অনুযায়ী ভারি বৃষ্টিতে জেলার ৭ হাজার ৫১০টি পরিবার জলবদ্ধতার শিকার হয়েছেন। ১ হাজার ৫৮০টি মাছের ঘের প্লাবিত হয়েছে। ক্ষতিগ্রস্ত পরিবার ও অসহায় মানুষদের খোজ খবর নেওয়া হচ্ছে বলে জানান এই কর্মকর্তা।

## শৈলকুপায় দুই ডায়াগনষ্টিক

স্বপ্ন ডায়াগনষ্টিক সেন্টারকে ৩০ হাজার টাকার অর্থদন্ডে দন্ডিত করা হয়।

ভ্রাম্যমান আদালতের নির্বাহী ম্যাজিষ্ট্রেট শৈলকুপার এসিল্যান্ড বনি আমিন জানান, ভ্রাম্যমান আদালত অভিযান চালিয়ে শৈলকুপা শহরের কবিরপুর এলাকার কেয়ার ডায়াগনষ্টিক সেন্টার ও স্বপ্ন ডায়াগনষ্টিক সেন্টারে জরিমানা করা হয়েছে। প্রচারের সাথে পরীক্ষার মেশিনারিজের মিল না থাকা, প্যাথলজিস্ট না থাকলে ভুয়া রিপোর্ট তৈরি করা ও লাইসেন্সের মেয়াদ শেষ হওয়ায় কেয়ার ডায়াগনষ্টিক সেন্টারকে ৪০ হাজার টাকা ও স্বপ্ন ডায়াগনষ্টিক সেন্টারকে ৩০ হাজার টাকা জরিমানা আদায় করা হয়।

## মেহেরপুরে হেরোইনসহ এক নারী

মেম্বারের গুদাম ঘরের পাশে দাঁড়িয়ে থাকা অবস্থায় হাচেনা বেগমকে আটক করেন। এসময় তার হাতে থাকে ব্যাগ তল্লাশি চালিয়ে কুড়িগ্রাম হেরোইন উদ্ধার করে। এঘটনার মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মেহেরপুর সদর থানায় একটি মামলা দায়ের করা হয়েছে।

## সরিষাবাড়ীতে গৃহহীনদের

বলেন, আশ্রয়ণ-২ এর মাধ্যমে হসরিষাবাড়ী উপজেলায় প্রথম পর্যায়ে ২৯৫ টি, দ্বিতীয় পর্যায়ে ২৫ টি, ও তৃতীয় পর্যায়ে ৩ টি পরিবারকে জমি প্রদান ও গৃহ নির্মাণ করে দিয়ে তাদের পুনর্বাসন করা হয়েছে। এখন ৪ র্থ পর্যায়ে আরো ৫০ জন পরিবারকে পুনর্বাসন করা হচ্ছে। এর মধ্য দিয়ে সরিষাবাড়ী উপজেলা ভুমিহীন ও গৃহহীনমুক্ত ঘোষণা করা হলো বলে প্রেস ব্রিফিংয়ে তিনি বলেন। এতে উপস্থিত ছিলেন উপজেলার সহকারী কমিশনার (ভূমি) সাদ্দাম হোসেন, উপজেলা পরিষদের ভাইচ চেয়ারম্যান আবুল কালাম আজাদ, মহিলা ভাইচ চেয়ারম্যান জেলী আক্তার, উপজেলা কৃষি কর্মকর্তা অণুপ সিংহ, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা হুমায়ুন কবীর, সমাজসেবা কর্মকর্তা আরিফুর রহমান, মাধ্যমিক শিক্ষা অফিসার মোজাম্মেল হক, যুব উন্নয়ন কর্মকর্তা মাহবুবুর রহমানসহ উপজেলার কর্মরত গণমাধ্যম কর্মীরা।

## মেহেরপুরে হেরোইনসহ মাদক

গ্রেফতার করা হয়। আলামিন সাজু মেহেরপুর শহরের মুখার্জি পাড়ার জহিরুল ইসলামের ছেলে। জানা গেছে গোপন সুত্রে খবর পেয়ে মেহেরপুর জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সাব ইন্সপেক্টর খসরু আল মামুনের নেতৃত্বে জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপবিভাগীয় পরিদর্শক মদনমোহন সাহা, সহকারী উপ পরিদর্শক রুহুল আমিনসহ জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অন্যান্য সদস্যরা মেহেরপুর সার্কিট হাউজ সড়কের ডায়াবেটিস হাসপাতালের পাশে দাঁড়িয়ে থাকা অবস্থায় আল আমিন সাজুকে আটক করেন। এ সময় তার তাকে তল্লাশি চালিয়ে ২ গ্রাম হেরোইন উদ্ধার করে। এ ঘটনার মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মেহেরপুর সদর থানায় একটি মামলা দায়ের করা হয়েছে।

## অনুমতি না নিয়ে ফেসবুকে

খুঁজে বের করা যাচ্ছে না এই পেজের মূল এডমিন কে বা কারা। এতে প্রশাসনের হস্তক্ষেপের আশা করছেন সকলেই। তবে ঝামেলায় জড়াতে চান না বলে অনেকেই লিখিত কোন অভিযোগ করতে পারছে না বা করছে না। অভি মাশরাফি নামের একজন শিক্ষার্থী বলেন এই পেজ থেকে আমার বন্ধু আবিদ বিশ্বাস কে মান হানি করা হয়েছে। তাকে সমাজে অনেক হেয় প্রতিপন্ন করা হয়েছে। একটা পোস্টের কারণে সে আজ বাসা থেকে বের হয় না, ইভটিজিং এর কারনে সে মানসিক সমস্যায় ভুগছে। তার জন্য সকলের কাছে দোয়াও চেয়েছেন তিনি। নাম প্রকাশে অনিচ্ছুক মেহেরপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের একজন শিক্ষার্থী বলেন একদিন হঠাৎ করেই দেখছি আমার ছবি আপলোড করেছে এবং আজেবাজে অনেক কথাই লিখেছে, এই সমস্ত লেখা পরিবারের মানুষ দেখলে কি মনে করবে? সামাজিক ভাবেও হেয় প্রতিপন্নের শিকার হতে হয়। আমরা পড়াশুনায় ব্যস্ত থাকি কিন্তু হুটহাট এই সমস্ত ছবি কিংবা এই সমস্ত লেখালেখি ফেসবুকে বিভ্রান্তি ছড়ায়। এতে আমাদের পড়াশোনার ব্যাপক ক্ষতি হচ্ছে, আমরা চাই এই পেইজের যে বা যারা এডমিন তাকে আটক করে আইনত ব্যবস্থা নেয়া হোক এটাই প্রশাসনের কাছে দাবি। নাম প্রকাশের অনিচ্ছুক আরও একজন শিক্ষার্থী বলেন মাঝে মাঝেই দেখি বিভিন্ন ছেলে এবং মেয়ে শিক্ষার্থীর ছবি ব্যবহার করে কোনরকম অনুমতি না নিয়ে তাদের ছবি ফেসবুকে ছড়িয়ে দেওয়া হয় এবং ক্যাপশনে বিভিন্ন রকমের আজেবাজে লেখালেখি করে এতে বিভিন্ন ধরনের সমস্যার সম্মুখীন হতে হয় ওই সমস্ত শিক্ষার্থীদের। তিনি বলেন একবার আমার ফ্রেন্ডের ছবি দেওয়া হয়েছিল সে পারিবারিক এবং সামাজিকভাবে হেয় প্রতিপন্নের শিকার হয়েছিল। নাম প্রকাশে অনিচ্ছুক মেহেরপুর সরকারি উচ্চ বিদ্যালয়ের একজন শিক্ষার্থী বলেন, মেহেরপুর ক্রাশ এন্ড কনফেশন নামের এই ফেসবুক পেজটি মানুষের নামে বিভিন্ন ধরনের বিভ্রান্তি ছড়ায়, প্রতিদিনই কারো না কারো ছবি এবং ক্যাপশনে বিভিন্ন রকমের নোংরা লেখালেখি করে সেগুলো ভাইরাল করা হয়। আমরা চাই যে বা যারা এই সাইবার অপরাধটি করছে মেহেরপুরের পুলিশ তাদেরকে সনাক্ত করে শাস্তির আওতায় আনুক। মেহেরপুরের অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন) কামরুল আহসান বলেন বিষয়টি আমরা দেখেছি, এ বিষয়ে এখনো পর্যন্ত কোন লিখিত অভিযোগ পাওয়া যায়নি, যেসব ছেলেমেয়েদের ছবি আপলোড করা হয় তাদের পরিবার থেকে লিখিত অভিযোগ করতে পারে। তবে লিখিত অভিযোগ না থাকলেও আমরা তদন্ত শুরু করেছি তদন্ত সাপেক্ষে ব্যবস্থা নেওয়া হবে। সকলেরই চাওয়া বন্ধ হয়ে যাক মেহেরপুর ক্রাশ অ্যান্ড কনফেশন নামের এই ফেসবুক পেজটি। অথবা বন্ধ না হলেও এ সমস্ত অসামাজিক অপ্রীতিকর কোন কিছু না ছড়ানো হোক এই পেইজ থেকে। এবং কে বা কারা এই পেজটি ব্যবহার করে এই পেইজের এডমিন কারা সেটি শনাক্ত করে তাদেরকে শাস্তির আওতায় আনা হবে এমনটাই প্রত্যাশা সকলের।

## গাংনীতে নাশকতা মামলায়

রহমানের রায়ের বিরুদ্ধে বিক্ষোভ মিছিল থেকে দুটি অবিস্ফোরিত ককটেল ও লাঠিসোটা উদ্ধার করা হয়। এ ঘটনায় গাংনী থানায় একটি মামলা দায়ের করে পুলিশ। ওই মামলার ০৬নং আসামি পৌর ছাত্রদলের সাবেক আহ্বায়ক রেজাওয়ানুল হক ইমন ও সন্দেহভাজন আসামি হিসেবে সাহারবাটি ইউনিয়ন বিএনপ্রি সহ-সভাপতি শহীদুজ্জামান শহীদকে গ্রেপ্তার করা হয়েছে।যার মামলা নং-০৪, তারিখঃ ০২-০৮-২৩। গ্রেপ্তারকৃত দুজনকে সোমবার সকালে মেহেরপুর আদালতে সোপর্দ করা হবে।

## অশান্তি,অস্থিরতা ও অনিশ্চয়তা তৈরী

মহাসচিব বলেন, সামাজিক ও পারিবারিক জীবনে আজ নৈতিক মূল্যবোধের যে অবক্ষয়, সামাজিক সুবিচার লজ্জিত, ব্যাক্তিস্বার্থের জন্য এক শ্রেণীর মানুষের উন্মত্ততা কেড়ে নিচ্ছে স্বাভাবিক জীবন ব্যাবস্থার সব শান্তি। এ অবস্থা মেনে নেয়া যায় না। তিনি আরো বলেন দেশে আইনের শাসন প্রতিষ্ঠা করতে হবে। আইনের নামে আর যেন দুর্ভোগে না পড়ে মানুষ। সুবিচার সকলের জন্যই নিশ্চিত করতে হবে। বিচার ব্যাবস্থায় সকলের সমান অধিকার নিশ্চিত না হলে তা কল্যাণকর হতে পারে না। জনাকীর্ণ ও উৎসবমুখর কাউন্সিলে সভাপতিত্ব করেন ঝিনাইদহ সদর উপজেলা জাকের পার্টি সভাপতি আঃ আউয়াক। স্বাগত বক্তৃতা করেন ঝিনাইদহ জেলা জাকের পার্টি সভাপতি ইসাহক বিশ্বাস। অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন জাকের পার্টির কেন্দ্রীয় নেতা শেখ নজরুল ইসলাম লিটন, দেলোয়ার হোসেন, কৃষক মহীউদ্দীন, মুফতী শরীফুল ইসলাম সাঈফী, বিপ্লব বনিক, রশিদ হাওলাদার, হাফেজ কাওসার প্রমুখ। উল্লেখ্য, চলতি বছরের ১০ জুন থেকে দেশব্যাপী সংসদীয় আসনভিত্তিক কাউন্সিল শুরু করেছে জাকের পার্টি। সংসদ সদস্য প্রার্থী বাছাইয়ের লক্ষ্যে ৩০০ আসনেই কাউন্সিল করবে জাকের পার্টি।

## বাবা-মায়ের কবরের পাশে

বাংলাদেশ সুপ্রিম কোর্টের ডেপুটি এ্যাটর্নী জেনারেল বশির আহমেদ, কবির বোন জামাই শিশু বিশেষজ্ঞ ডা. আমিনুল হক, কবির বোন গাইনি বিশেষজ্ঞ অধ্যাপক ডা. সেলিনা পারভীন, বাংলাদেশ ব্যাংকের সাবেক নির্বাহী পরিচালক সবিতা ইয়াসমিন,

কবির ভাই প্রকৌশলী মোঃ শফিক, কবির ছোট ছেলে অধ্যাপক ড. শুদ্ধস্বত্তব রফিক, কবির বিভিন্ন স্বজন, লেখক অধ্যাপক প্রশান্ত মৃধা, সামছউদ্দিন নাহার ট্রাষ্টের প্রধান সমন্বয়ক সুব্রত কুমার মুখার্জীসহ স্থানীয় গন্যমান্য ব্যক্তি, উদ্দিপন বদর সামছু বিদ্যা নিকেতনসহ বিভিন্ন বিদ্যালয়ের শিক্ষার্থীসহ কবির গুনগ্রাহীরা উপস্থিত ছিলেন।

কবির ভাই প্রকৌশলী মোঃ শফিক বলেন, আমাদের আট ভাইবোনদের মধ্যে কবি মোহাম্মদ রফিক ভাই সবার বড় ছিলেন। তিনি শুধু আমাদের বড় ভাই ছিলেন না, তিনি আমাদের সকলের অভিভাবক ছিলেন। তার মৃত্যুতে আমরা অভিভাবক শূন্য হলাম।

জাহাঙ্গীর নগর বিশ্ববিদ্যালয়ের সাবেক শিক্ষার্থী মমিনুল ইসলাম বলেন, স্যার একজন ভাল নিরহঙ্কার মানুষ ছিলেন। দেশের জন্য তিনি মুক্তিযুদ্ধে অংশগ্রহন করেছিলেন। দেশের জন্য তার কলম চলত সব সময়। স্যারের অবদান ভোলার নয় দাবি করেন সাবেক এই শিক্ষার্থী।

## প্লাষ্টিকের পণ্যের ভিড়ে কদর

যায়, এই পেশায় নিয়োজিত পাল সম্প্রদায়ের মানুষ ৪০ থেকে ৫০টি পরিবার তাদের পুর্বপুরুষের এই পেশাকে আকড়ে ধরে বাচার চেষ্টা করছে শিবনগরে দিপালী পাল, নিশ্চন্তপুরের জিবন পাল, অনুপম পুরের সৌরভ এরা এখনো কোনো মত তাদের এই পেশা চালিয়ে যাচ্ছে। গ্রাম বাংলার ঐতিহ্য আড়ং এবং মেলায়, এই ধরনের সামগ্রীর চাহিদা ছিল ব্যাপক। মেলা থেকে মাটির বাশি খেলনা কেনেনি এমন মানুষ পাওয়ায় কষ্ট। ৫ টাকা থেকে শুরু করে ১০০ টাকা মুল্যের জিনিষ পত্র পাওয়া যায়। হারিয়ে যাচ্ছে কালীগঞ্জের এই মৃৎ শিল্পের ঐতিহ্যময় কারুকাজ। নিম্নমানের প্লাষ্টিক মেলামাইন সিলভার এর ব্যাবহার মারাত্নক আকারে বেড়ে যাওয়াই এই শিল্প আজ প্রায় ধংসের পথে। মায়ের পাশে বসে শখের বসে মাটি দিয়ে বানানো পাখি, ফল, খেলনা হাড়ি পাতিল দিয়েই হাতে খড়ি হয় দিপালী পালের। বাবার এ ব্যাবসা মন্দ ছিলনা। মা বাবাকে দেখেছি এক সাথেই মাটির তৈরি এই তৈজসপত্র বানাতে পাশও দিয়েছি মেট্রিকুলেশন পারিবারিক ভাবে বিবাহ হয় সুদীপ পালের সাথে। শ্বশুরালয়েও সেই একই কাজ করছেন ঝিনাইদহ কালীগঞ্জের কুলবর্তি গ্রাম শিবনগরে। রীতিমত তারা এখন বানাচ্ছেন ফুলের টব, ফুলদানি, মাটির কলস হাড়ি পাতিল সহ নানান রকমের খেলনা। কালীগঞ্জের শিবনগর, নিশ্চন্তপুর, অনুপমপুর এই এলাকা গুলোতে পাল বংশের লোকের বসবাস ছিল বেশি। মৃৎশিল্পের তৈজসপত্র বিক্রেতা হাসিবুল হাসান পিকলু জানান মৃৎশিল্পের তৈরি ব্যাবহার্য পন্যের এখন আর তেমন চাহিদা বাজারে নেই। সৌখিনতার বসে কেউ যদি কিছু ক্রয় করে সেদিন সেটাই তার শুধু বিক্রি। তার সংগ্রহে দেখা যায় দোকানে ৫০টিরও বেশি মাটির পন্য দৃশ্যমান। তার এগুলো সংগ্রহ দেশের বিভিন্ন অঞ্চল থেকে। বর্তমানে এই পেশায় নিয়োজিত কর্মীরাই শেষ প্রজন্ম, যদি না তারা তাদের পুর্বপুরুষের জ্ঞানের সাথে নতুন জ্ঞানের সন্নিবেশ ঘটান, বাজারজাত করণের নতুন আইডিয়াতে যদি নজর না দেন, কেননা তাদের সন্তানাদি কেউ আর এই পেশায় কাজ করতে আগ্রহী নন। এই মৃৎশিল্পকে টিকিয়ে রখার জন্য সরকারি সহায়তা সহ বিভিন্ন প্রতিষ্ঠানের পৃষ্ঠপোশকতায় বাচিয়ে রাখা সম্ভব মৃতপ্রায় লোকজ এই মৃৎ শিল্পকে।কালীগঞ্জ পৌর ব্যবসায়ী সমিতির সভাপতি আশাদুল ইসলাম বলেন, মৃৎশিল্প সম্প্রদায়ের লোকেরা সাধারনত সবাই গরীব মানুষ। এখানে এখনও যদি পূজি বিনিয়োগ করে বানিজ্যিক ভাবে করতে পারে তাহলে মৃৎশিল্পকে টিকিয়ে রাখা সম্ভব। মূলধনের সমস্যার কারনে এই শিল্পে সরকারি পৃষ্ঠপোষকতা একেবারেই নেই। সরকারিভাবে সহযোগীতা পেলে ঘুরে দাড়াতে পারে ঐতিহ্যবাহী কালীগঞ্জ উপজেলার মৃৎশিল্প।

## মহেশপুরে সাংবাদিকদের

প্রেস ক্লাবের সভাপতি আব্দুর রাজ্জাক,প্রেস ক্লাব মহেশপুরের সভাপতি সরোয়ার হোসেন, মহেশপুর প্রেসক্লাবের সাধারণ সম্পাদক শেখ এনামুলহক দুলু, মহেশপুর মডেল প্রেসক্লাবের সাধারণ সম্পাদক অসীম কুমার মোদক, প্রেসক্লাব মহেশপুরের সাধারণ সম্পাদক জিয়াউর রহমান জিয়,সাংবাদিক মোঃ আজাদ প্রমুখ। **উল্লেখ্যঃ** ইতি পুর্বে মহেশপুর উপজেলায় গৃহহীন,আশ্রয়ন ও গুচ্ছ গ্রামে ২০৭টি ঘর হস্তান্তর করা হয়েছে।

## ঝিনাইদহে ভূমি ও গৃহহীন

বিভাগের উপপরিচালক ইয়ারুল ইসলাম,অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক) রথীন্দ্রনাথ রায়, অতিরিক্ত জেলা প্রশাসক শিক্ষা ও আইসিটি আরিফুল ইসলাম, সদর উপজেলা নির্বাহী অফিসার সাদিয়া জেরিন, ঝিনাইদহ প্রেসসক্লাবের সভাপতি এম রায়হান, সাধারণ সম্পাদক মাহমুদ হাসান টিপু।

## ডিজিটাল নিরাপত্তা আইন সংশোধন

নিরাপত্তা আইনের খসড়া নীতিগত অনুমোদন দেওয়া হয়েছে। সকালে প্রধানমন্ত্রীর কার্যালয়ে মন্ত্রিপরিষদের এই বৈঠক অনুষ্ঠিত হয়। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত এই বৈঠকে 'সাইবার নিরাপত্তা আইন-২০২৩' এর খসড়ার নীতিগত অনুমোদন দেওয়া হয়।

বৈঠক শেষে গতকাল সোমবার বিকেলে সচিবালয়ে সাংবাদিকদের এই তথ্য জানান মন্ত্রিপরিষদ সচিব মো. মাহবুব হোসেন।

তিনি জানান, ডিজিটাল নিরাপত্তা আইনের অনেকগুলো ধারা পরিবর্তন করে নতুন আইনের খসড়া তৈরি করা হয়েছে। নতুন আইন পাস হলে আগেরটি বাতিল হবে।

মাহবুব হোসেন বলেন, বর্তমান প্রেক্ষাপটে সরকার মনে করেছে সাইবার অপরাধ অনেক হচ্ছে। তাই ডিজিটাল সিকিউরিটি অ্যাক্টের অনেকগুলো ধারাকে সংযুক্ত করে নতুন আইনটি করা হয়েছে। এটায় আগের আইনের পরিবর্তন হয়েছে।

তিনি জানান, নতুন আইন অনুযায়ী একটি সাইবার সিকিউরিটি এজেন্সি থাকবে। সাজার ক্ষেত্রে বিদ্যমান আইনে জেলের ওপরে ফোকাসটা বেশি ছিল। এখানে এসে জেলের সাজার পরিমাণটা কমানো হয়েছে কিন্তু আর্থিক জরিমানার অংশ রাখা হয়েছে, কিছু কিছু ক্ষেত্রে আর্থিক জরিমানা বৃদ্ধি করা হয়েছে।

মাহবুব হোসেন বলেন, এটি নীতিগত ও চূড়ান্ত অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়েছিল তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ থেকে। এটি আজ উপস্থাপিত হয়েছে মন্ত্রিসভায়। আলোচনার মাধ্যমে লেজিসলেটিভ (আইনপ্রণয়ন) বিভাগের ভেটিং সাপেক্ষে নীতিগত অনুমোদন করা হয়েছে। লেজিসলেটিভ বিভাগ ভেটিং করে তারপর তারা ফাইনাল করে দেবে।

## স্যাংশন যুক্তরাষ্ট্রের দুর্নীতি

সোমবার বিকালে ফরেন সার্ভিস একাডেমিতে পররাষ্ট্রসচিব মাসুদ বিন মোমেনের সঙ্গে আলাপকালে তিনি এ কথা বলেন। পরে সাংবাদিকদের ব্রিফিংকালে সচিব এ কথা জানান। পররাষ্ট্রসচিব বলেন, নেফিউ বলেছেন যে বিশ্বব্যাপী দুর্নীতি বিরোধী কার্যক্রমকে যুক্তরাষ্ট্র অগ্রাধিকার দিচ্ছে। ভবিষ্যতে এটি ব্যবসা ও বিনিয়োগের ক্ষেত্রে ব্যবহার করা হতে পারে। এটি (স্যাংশন) যেকোনো দেশের বিরুদ্ধে ব্যবহার করা যেতে পারে, শুধু বাংলাদেশের জন্য নয়। ১১ জনের ওপর অর্থনৈতিক নিষেধাজ্ঞা আসছে কিনা জানতে চাইলে তিনি বলেন, এগুলো নিয়ে কোনো আলোচনা হয়নি। তিনি (রিচার্ড) নিজেও যেহেতু স্যাংশনের কর্মকর্তা ছিলেন এক সময়, সুতরাং কোনো ইন্ডিভিজ্যুয়ালের কথা বলেননি। বলেছেন, 'স্যাংশন ইজ অ্যা টুল', এ ধরনের চিন্তাভাবনা আছে। রিচার্ড নেফিউ মার্কিন কূটনীতি এবং বৈদেশিক সহায়তায় দুর্নীতি মোকাবিলায় কাজ করে থাকেন।

গত ৫ জুলাই মার্কিন পররাষ্ট্রমন্ত্রী অ্যান্থনি ব্লিঙ্কেন তাকে স্টেট ডিপার্টমেন্টের গে-াবাল অ্যান্টি-করাপশন কো-অর্ডিনেটর হিসেবে নিযুক্ত করেন। রিচার্ড নেফিউ সরাসরি মার্কিন পররাষ্ট্রমন্ত্রীকে রিপোর্ট করেন।

## বঙ্গমাতার ৯৩তম জন্মবার্ষিকী

শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন।

দিবসটিতে সরকারি কর্মসূচি ছাড়াও আওয়ামী লীগ ও তার সহযোগী সংগঠনসহ বিভিন্ন রাজনৈতিক, সামাজিক সংগঠন শ্রদ্ধা নিবেদন, আলোচনা সভা ও মিলাদ মাহফিলের আয়োজন করেছে। দিবসটি উপলক্ষে বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ বেতারসহ অন্যান্য ইলেকট্রনিক মিডিয়া বিশেষ অনুষ্ঠান প্রচার করবে।

বঙ্গবন্ধুর নেতৃত্বে দীর্ঘ লড়াই সংগ্রামের মধ্য দিয়ে স্বাধীনতা লাভ করে বাংলাদেশ। এ লড়াই-সংগ্রাম-আন্দোলনের নেপথ্যে প্রেরণাদাতা ছিলেন ফজিলাতুন নেছা মুজিব। তিনি বঙ্গবন্ধুর গোটা রাজনৈতিক জীবন ছায়ার মতো অনুসরণ করে তার প্রতিটি কাজে প্রেরণার উৎস হয়ে ছিলেন। বাঙালি জাতির মুক্তির সনদ ছয় দফা ঘোষণার পর বঙ্গবন্ধু যখন বারবার পাকিস্তানি শাসকদের হাতে বন্দি জীবন-যাপন করছিলেন, তখন আওয়ামী লীগের সর্বস্তরের নেতাকর্মীরা ফজিলাতুন নেছা মুজিবের কাছে ছুটে যেতেন। তিনি তাদের বঙ্গবন্ধুর বিভিন্ন দিক-নির্দেশনা পৌঁছে দিতেন ও লড়াই-সংগ্রাম চালিয়ে যেতে অনুপ্রেরণা যোগাতেন। আগরতলা ষড়যন্ত্র মামলায় বঙ্গবন্ধুর প্যারোলে মুক্তি নিয়ে কিছু কুচক্রী স্বাধীনতা সংগ্রামকে বিপন্ন করার ষড়যন্ত্রে মেতে উঠেছিল। তখন প্যারোলে মুক্তির বিপক্ষে বেগম মুজিবের দৃঢ়চেতা অবস্থান বাংলার মুক্তি সংগ্রামকে ত্বরান্বিত করেছিল। স্বামী বঙ্গবন্ধুর আদর্শকে ছায়ার মত অনুসরণ করা বেগম মুজিবকে জীবনে অনেক ঝুঁকিপূর্ণ কাজ করেছেন, এজন্য অনেক কষ্ট-দুর্ভোগ পোহাতে হয়েছে তাঁকে।

এদেশের মানুষের আন্দোলন-সংগ্রামে বেগম মুজিব যে কর্তব্যনিষ্ঠা, দেশপ্রেম, দূরদর্শী চিন্তা, বুদ্ধিমত্তা ও সাহসিকতার পরিচয় দিয়েছেন তার ফলে জাতির পিতার পাশাপাশি তিনি আজ বঙ্গমাতার আসনে অধিষ্ঠিত। এ দেশের রাজনীতিতে তার অনন্য সাধারণ ভূমিকার জন্য চিরকাল স্মরণীয় হয়ে থাকবেন। এই মহীয়সী নারী ১৫ আগস্ট জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সাথে সপরিবারে খুনিচক্রের বুলেটের আঘাতে নির্মমভাবে শহীদ হন। বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেছা মুজিবের জন্মবার্ষিকী উপলক্ষে সকাল ৮টায় বনানী কবরস্থানে শ্রদ্ধা নিবেদন, কোরান খতম, মিলাদ ও দোয়া মাহফিল করবে আওয়ামী লীগ, ঢাকা মহানগর উত্তর ও দক্ষিণ আওয়ামী লীগসহ সহযোগী সংগঠনসমূহ।

## বিদেশি প্রভুদের সাড়া না পেয়ে

লিপ্ত রয়েছেন। অন্যদিকে বিরোধীদল মত দমনের মিথ্যা অভিযোগ উত্থাপন করছে। বিএনপি নেতারা মুখে গণতন্ত্রের কথা বললেও তাদের অন্তর চরম স্বেচ্ছাচারিতা ও মিথ্যাচারে পরিপূর্ণ। স্বৈরচারী আদর্শ ও সন্ত্রাসের ধারক-বাহক এবং উগ্র-সাম্প্রদায়িকতা ও জঙ্গিবাদের প্রধান পৃষ্ঠপোষক বিএনপি সবসময় গণতন্ত্রের পথকে ভয় পায়। বিএনপির রাজনীতি হলো যেকোনো উপায়ে ষড়যন্ত্র ও চক্রান্তের মাধ্যমে ক্ষমতা দখল। আওয়ামী লীগের সাধারণ সম্পাদক বলেন, বিএনপির তথাকথিত আন্দোলন ব্যর্থ হওয়ায় মির্জা ফখরুলরা এখন পাগলের প্রলাপ বকছেন। বিদেশি প্রভুদের কাছ থেকে প্রত্যাশিত সাড়া না পেয়ে এবং জনগণের কাছে থেকে বার বার প্রত্যাখ্যাত হয়ে বিএনপি নেতারা দিশেহারা হয়ে পড়েছেন। তারা এক একসময় এক এক কথা বলছেন। কখনো বিদেশি প্রভুদের কৃপা প্রত্যাশায় তাদের স্তুতি করেন। আবার কাঙ্ক্ষিত সাড়া না পেয়ে তাদের বিরুদ্ধে বিষোদগার করেন। গণতন্ত্র, সংবিধান, আইনের শাসন, নির্বাচনী ব্যবস্থাকে হত্যা করে এখন তারা নিজেদের গণতন্ত্রকামী হিসেবে প্রকাশ করছেন, যা হাস্যকর। সামরিক স্বৈরাচার জিয়াউর রহমান ও তার উত্তরাধিকারী খালেদা জিয়ার শাসনামলে দেশে শুধু যুদ্ধাপরাধী ও পাকিস্তানপন্থিরা রাজনীতি করতে পেরেছে। তাদের সময় সন্ত্রাস ও জঙ্গিবাদের অবাধ বিচরণ ছিল। মহান মুক্তিযুদ্ধের সুমহান আদর্শ ও প্রগতিশীল চেতনা নির্বাসিত ছিল। ২০০১ সালে ষড়যন্ত্রের মাধ্যমে বিএনপি ক্ষমতা দখলের পর আওয়ামী লীগের ২৪ হাজার নেতাকর্মীকে হত্যা করা হয়েছিল। ২০০৪ সালের ২১ আগস্ট শেখ হাসিনাসহ আওয়ামী লীগের জাতীয় নেতাদের হত্যার উদ্দেশ্যে 'সন্ত্রাসবিরোধী শান্তি সমাবেশ'র নারকীয় গ্রেনেড হামলা চালিয়ে ২২ নেতাকর্মীকে হত্যা করা হয়। নিজেদের কৃতকর্মের জন্য বিএনপির মধ্যে কোনো অপরাধবোধ নেই। তারা এখনও ওই হামলাকারীদের পক্ষে সাফাই গায়। আরেকটি ১৫ আগস্ট সৃষ্টির হুমকি দেয়। যে দল নিজেরা গণতন্ত্রে বিশ্বাস করে না, গণতান্ত্রিক রীতিনীতি ও সংস্কৃতিকে ধারণ করে না, দেশের মানুষকে তারা কী গণতন্ত্র দেবেন? বিবৃতিতে ওবায়দুল কাদের বলেন, সফল রাষ্ট্রনায়ক শেখ হাসিনার মানবিক, কল্যাণকর ও সুদক্ষ নেতৃত্বের কারণে গত দেড় দশকে বাংলাদেশ এক অভূতপূর্ব উন্নয়ন-অগ্রগতি ও সমৃদ্ধির অভিযাত্রায় ধারাবাহিকভাবে এগিয়ে চলেছে। এই সাফল্য-সংগ্রাম এগিয়ে নিতে শেখ হাসিনার নেতৃত্বে সবাইকে ঐক্যবদ্ধ থাকার আহ্বান জানাই।

## বেগম ফজিলাতুন নেছা মুজিব পদক

পদক দেওয়া হয়। এ বছর রাজনীতিতে একজন; শিক্ষা, সংস্কৃতি ও ক্রীড়া ক্ষেত্রে দুই জন এবং গবেষণায় একজনসহ মোট চার জন বিশিষ্ট নারী এবং বাংলাদেশ জাতীয় নারী ফুটবল দলকে এই পদক দেওয়া হবে। রাজনীতিতে অ্যাডভোকেট সাহারা খাতুন (মরণোত্তর), শিক্ষা, সংস্কৃতি ও ক্রীড়া ক্ষেত্রে অণিমা মুক্তি গমেজ ও মোছা. নাছিমা জামান ববি, গবেষণায় ড. সেঁজুতি সাহা এবং বাংলাদেশ জাতীয় নারী ফুটবল দল 'বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব পদক-২০২৩' পাচ্ছেন। আজ মঙ্গলবার সকাল ১০টায় ওসমানী স্মৃতি মিলনায়তনে 'বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিবের ৯৩তম জন্মবার্ষিকী উদযাপন' ও 'বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব পদক প্রদান' অনুষ্ঠান অনুষ্ঠিত হবে। প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে পদক বিতরণ এবং আর্থিক অনুদান ও সেলাই মেশিন বিতরণ কার্যক্রমের উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন মহিলা ও শিশু বিষয়ক প্রতিমন্ত্রী ফজিলাতুন নেসা ইন্দিরা। সংবাদ সম্মেলনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব এবং ১৫ আগস্টের শহীদের প্রতি শ্রদ্ধা জানিয়ে প্রতিমন্ত্রী ইন্দিরা বলেন, বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব ছিলেন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সুযোগ্য সহধর্মিণী, সহকর্মী, সহযোদ্ধা এবং জীবনের চালিকা শক্তি। তিনি বাঙালি জাতির স্বাধীনতা সংগ্রামের প্রতিটি পদক্ষেপে বঙ্গবন্ধুকে সক্রিয় সহযোগিতা করেছেন ও প্রেরণা দিয়েছেন।

## চট্টগ্রাম মহানগরীর সব স্কুল-কলেজ

মহানগরীর মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের সরকারি ও বেসরকারি সব প্রতিষ্ঠানের শ্রেণি কার্যক্রম বন্ধ থাকবে। এদিকে প্রাকৃতিক দুর্যোগের কারণে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের (চবি) সব ক্লাস-পরীক্ষা ১০ আগস্ট পর্যন্ত বন্ধ ঘোষণা করা হয়েছে। সোমবার দুপুরে এক বিজ্ঞপ্তির মাধ্যমে এ তথ্য জানায় বিশ্ববিদ্যালয় প্রশাসন। আবহাওয়া অধিদপ্তর বলছে, আজ সোমবার দেশের বেশির ভাগ এলাকায় বৃষ্টি বাড়তে পারে। বিশেষ করে চট্টগ্রাম, বরিশাল ও খুলনা বিভাগে গতকাল রবিবারের মতোই ভারি বৃষ্টির আশঙ্কা রয়েছে।

## মেহেরপুরে ফুটবল টুর্নামেন্টে

চেয়ারম্যান মফিজুর রহমান ম্যান অব দ্যা ম্যাচের পুরস্কার তুলে দেন।

## ডেঙ্গুর প্রকোপ বাড়ায় জাতীয়

রোগী হাসপাতালে ভর্তি হয়েছেন; যা এ বছর একদিনে রোগী সর্বোচ্চ রোগী ভর্তির তথ্য। এবছর এখন পর্যন্ত ৩০৩ জন ডেঙ্গুতে আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করেছেন। চিকিৎসকদের বরাত দিয়ে কমিশন বলছে, গত কয়েক বছরের তুলনায় এবার ডেঙ্গু রোগীদের অবস্থা খুব তাড়াতাড়ি অবনতি হচ্ছে। এডিস মশা শনাক্তে চালানো জরিপে ঢাকায় মশার যে উপস্থিতি দেখা গেছে, তাকে ঝুঁকিপূর্ণ বলছেন বিশেষজ্ঞরা। এ অবস্থায় সামনে ডেঙ্গুর প্রকোপ আরও বাড়ার আশঙ্কা করেছেন তারা। ডেঙ্গু নিয়ন্ত্রণে সিটি করপোরেশন, পৌরসভা এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষগুলোর গৃহীত ব্যবস্থা পর্যাপ্ত নয় বলে মনে করে জাতীয় মানবাধিকার কমিশন। বছরের পর বছর ধরে বাংলাদেশে ডেঙ্গুর সংক্রমণ আর এই রোগের ভাইরাস আরও শক্তিশালী হয়ে ওঠার পরও সেটিকে নিয়ন্ত্রণ করার জন্য পর্যাপ্ত কার্যকরী ব্যবস্থা না নেওয়ায় এই বছর ডেঙ্গু মারাত্মক আকার ধারণ করেছে। কমিশন মনে করে, পুরো দেশে এডিস মশা ও ডেঙ্গু নিয়ন্ত্রণে অবশ্যই স্থানীয় সরকারের প্রতিটি ইউনিটকে কাজে লাগিয়ে সবার সক্রিয় অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। রাজধানীসহ যেসব হটস্পট চিহ্নিত হয়েছে। সেসব জায়গায় জরুরি ভিত্তিতে মশার আবাসস্থল ধ্বংস করার জন্য সব শ্রেণি-পেশার মানুষকে সক্রিয় সম্পৃক্ততায় উদ্বুদ্ধ করতে হবে। পাশাপাশি সিটি করপোরেশন এবং পৌরসভাগুলোকে আর পরিপূর্ণ ও কার্যকর ব্যবস্থা গ্রহণ করার আহ্বান জানাচ্ছে কমিশন।

## পশ্চিমাদের দাবি মেটাতে শুরু

করে সাইবার সিকিউরিটি অ্যাক্ট নামে নতুন আইন প্রণয়ন করা হবে বলে আইন মন্ত্রণালয় জানিয়েছে। এই ডিজিটাল নিরাপত্তা আইনে অজামিনযোগ্য ধারা গুলো বাতিল করা হবে। সাংবাদিকদেরকে গ্রেপ্তার এবং জেলের বদলে তাদের জরিমানার বিধান রাখা হবে এবং একাধিক সংশোধনী এনে আইনটিকে যুগোপযোগী করা হবে।

মার্কিন যুক্তরাষ্ট্র, ইউরোপীয় ইউনিয়ন, জাতিসংঘসহ একাধিক পশ্চিমা দেশ ডিজিটাল নিরাপত্তা আইনের আপত্তিকর ধারাগুলো সংশোধনের দাবি করে আসছিল। সরকারের পক্ষ থেকে বিভিন্ন সময় অঙ্গীকার করা হয়েছিল যে, ডিজিটাল নিরাপত্তা আইন বাতিল করা হবে। এটি নিয়ে নির্বাচনকালীন সরকারের ওপর একটি বড় ধরনের চাপ ছিল। আর সে কারণেই সরকার শেষ পর্যন্ত ডিজিটাল নিরাপত্তা আইন বাতিল করে সাইবার নিরাপত্তা আইন শুরু করার সিদ্ধান্ত নিল। এর ফলে পশ্চিমা দেশগুলোর আস্থা অর্জন সরকারের জন্য সহজ হবে বলে জানা গেছে। শুধু তাই নয়, নির্বাচনের আগের সরকার দুর্নীতি দমন সহ আরও বিভিন্ন বিষয়ে পশ্চিমা দেশগুলোর পরামর্শ গ্রহণ করবে। সংশ্লিষ্ট সূত্রগুলো বলছে, আগামী নির্বাচন ইস্যুর বাইরে পশ্চিমা দেশগুলোর পাঁচটি বিষয় ছিল। তার মধ্যে একটি ছিল ডিজিটাল নিরাপত্তা আইন। এছাড়াও দুর্নীতি দমন এবং দুর্নীতির বিরুদ্ধে শূন্য সহিষ্ণুতা নীতি গ্রহণ করার একটি প্রস্তাবনা আছে পশ্চিমা দেশগুলোর পক্ষ থেকে। সে ব্যাপারেও সরকার কাজ করছে বলে জানা গেছে। মানবাধিকার মার্কিন যুক্তরাষ্ট্র এবং পশ্চিমা দেশগুলোর একটি বড় ইস্যু। তারা গুম ও বিচারবহির্ভূত হত্যাকাণ্ড এবং বিনা বিচারে আটক ইত্যাদি বিষয়ে বেশ কিছু সুপারিশ করেছে সরকারের কাছে। সরকারের দায়িত্বশীল সূত্রগুলো বলছে, সেই সুপারিশগুলো বাস্তবায়নের জন্য উদ্যোগ গ্রহণ করা হবে। নির্বাচনের আগে মার্কিন যুক্তরাষ্ট্রসহ পশ্চিমা দেশগুলোর একটি গুরুত্বপূর্ণ দাবি হচ্ছে প্রশাসন এবং পুলিশকে নিরপেক্ষ অবস্থানে রাখা। তারা যেন দলীয় দৃষ্টিভঙ্গি থেকে কাজ না করে সে ব্যাপারে সরকার কাজ করছে বলে সরকারের একাধিক দায়িত্বশীল ব্যক্তি নিশ্চিত করেছে। প্রশাসন যেন নিরপেক্ষ এবং বস্তুনিষ্ঠভাবে কাজ করে সেই জন্য সরকারের পক্ষ থেকে নির্দেশনা দেওয়া হবে। মত প্রকাশের স্বাধীনতা এবং রাজনৈতিক দলগুলোর সভা-সমাবেশকে যেন বাধাগ্রস্থ না করা হয় এমন আহ্বান পশ্চিমা দেশগুলো থেকে নির্বাচনের আগে বারবার করা হচ্ছে। সরকার এখন মতপ্রকাশের স্বাধীনতার ক্ষেত্রে কোন রকম হস্তক্ষেপ করছে না। শুধুমাত্র দেশের আইনশৃঙ্খলা পরিস্থিতিতে যারা অবনতি ঘটাতে চাইছে তাদের ব্যাপারে সরকার কঠোর অবস্থানে গেছে। এটি সরকারের দায়িত্ব। জনগণের জানমাল হেফাজত করার যেকোন গণতান্ত্রিক সরকারের দায়িত্ব। সরকার চাইছে আগামী নির্বাচনের আগে যেন পশ্চিমা দেশগুলো সরকারের ওপর কোন ধরনের চাপ সৃষ্টি না করে। বিশেষ করে নির্দলীয় নিরপেক্ষ তত্ত্বাবধায়ক সরকারের দাবি থেকে যেন পশ্চিমা দেশগুলো বিশেষ করে মার্কিন যুক্তরাষ্ট্র এবং ইউরোপীয় ইউনিয়ন সরে আসে সেজন্যই সরকার এই দাবিগুলো মেটাতে যাচ্ছে।

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত
দৈনিক এই আমার দেশ
Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com



# পাকিস্তানে ট্রেন দুর্ঘটনায় নিহত ১৫

**আন্তর্জাতিক ডেস্ক :** পাকিস্তানের করাচি থেকে ২৭৫ কিলোমিটার দূরে নবাবশাহের সাহারা রেলওয়ে স্টেশনের কাছে হাভেলিয়ানগামী হাজারা এক্সপ্রেসের প্রায় ১০টি বগি লাইনচ্যুত হয়েছে। এ ঘটনায় অন্তত ১৫ যাত্রী নিহত এবং আরও ৫০ জন আহত হয়েছেন। এক প্রতিবেদনে এমনটি জানিয়েছে সংবাদ মাধ্যম ডন। জিও নিউজের এক প্রতিবেদনে বলা হয়েছে দুর্ঘটনার পর সিন্ধুর অভ্যন্তরীণ জেলাগুলোতে এবং সেখান থেকে ট্রেন চলাচল স্থগিত করা হয়েছে। ট্রেনটিতে বিপুল সংখ্যক যাত্রী থাকায় আরও প্রাণহানির আশঙ্কা করছেন কর্মকর্তারা। আহত যাত্রীদের নবাবশাহ পিপলস মেডিকেল হাসপাতালে স্থানান্তর করা হয়েছে। ট্রেন লাইনচ্যুত হওয়ার কারণ এখনও জানা যায়নি। ডনের এক প্রতিবেদনে বলা হয়, ট্রেনটি করাচি থেকে রাওয়ালপিন্ডির দিকে যাচ্ছিল। ঘটনাস্থলে উদ্ধারকারী দল ও পুলিশ সদস্যদের পাঠানো হয়েছে। পাকিস্তান রেলওয়ের ডিভিশনাল কমার্শিয়াল অফিসার (ডিসিও) মহসিন সিয়াল বলেছেন, অনির্দিষ্ট সংখ্যক বগি লাইনচ্যুত হয়েছে। কোনো হতাহতের বিষয়টি নিশ্চিত করেননি ওই কর্মকর্তা।ডন ডটকমকে ফোনে তিনি বলেন, 'আমি দুর্ঘটনাস্থলে যাচ্ছি। সরহরি রেলস্টেশনের আউটার সিগন্যালে এ ঘটনা ঘটেছে। কেউ কেউ বলছেন পাঁচটি বগি লাইনচ্যুত হয়েছে, কেউ বলছে আটটি লাইনচ্যুত হয়েছে এবং কেউ বলছে ১০টি লাইনচ্যুত হয়েছে।' শহীদ বেনজিরাবাদ পুলিশের উপ-মহাপরিদর্শক (ডিআইজি) মুহাম্মদ ইউনিস চান্দিও ঘটনাটিকে একটি 'বড় দুর্ঘটনা' বলে অভিহিত করেছেন। তবে হতাহতের সংখ্যা জানাতে রাজি হননি ওই কর্মকর্তা। তিনি বলেন, 'ত্রাণ ও উদ্ধার অভিযান শুরু করার জন্য উদ্ধারকারী দল প্রয়োজন। আমাদের দল এবং কমিশনার ঘটনাস্থলে গেছেন।' রেলওয়ে ও বিমান চলাচলের ফেডারেল মন্ত্রী খাজা সাদ রফিক বলেছেন, কর্তৃপক্ষকে এই ঘটনায় সতর্ক করা হয়েছে। রেল সচিব ঘটনাস্থলে উপস্থিত ছিলেন।

# চীনে প্রবল বর্ষণ, বন্যা-ভূমিধসে নিহত ১০

**আন্তর্জাতিক ডেস্ক :** চীনের উত্তর পূর্বাঞ্চলীয় জিলিন প্রদেশে প্রবল বৃষ্টিতে দশজনের প্রাণহানি এবং ১৮ জন নিখোঁজ হয়েছে। সরকারি সংবাদ মাধ্যমের খবরে গতকাল রোববার এ কথা বলা হয়েছে। গত এক সপ্তাহেরও বেশি সময় ধরে দেশটিতে চলা বিপর্যকর আবহাওয়া পরিস্থিতিতে এটি সর্বশেষ প্রাণহানির ঘটনা। চীনের সাম্প্রতিক সপ্তাহগুলোতে রেকর্ড পরিমাণ বৃষ্টি অব্যাহত রয়েছে। গত শুক্রবার বেইজিং বলছে, গত মাসে প্রাকৃতিক দুর্যোগের কারণে ১৪৭ জন মারা গেছে কিংবা নিখোঁজ হয়েছে। গতকাল রোববার বার্তা সংস্থা সিনহুয়ার খবরে বলা হয়েছে, এ ছাড়া উত্তর পূর্বাঞ্চলীয় শুলান শহরে প্রবল বৃষ্টিতে আরও ছয়জন মারা গেছে এবং নিখোঁজ হয়েছে চারজন। সিনহুয়া আরও বলছে, এ এলাকায় ভারি বর্ষণ মূলত শেষ হয়েছে। ইতোমধ্যে ১৯ হাজার লোককে অন্যত্র সরিয়ে নেয়া এবং ২১টি অস্থায়ী আশ্রয়কেন্দ্র তৈরি করা হয়েছে। উল্লেখ্য, ঘুর্ণিঝড় ডকসুরি চীনের ভূখন্ডে আঘাত হানার পর থেকে দেশটিতে ভারী বর্ষণ শুরু হয়।

# সবাই আমার নাচ দেখতেই হলে যাচ্ছে: ফারিয়া

**বিনোদন ডেস্ক :** এবারের ঈদে মুক্তি পেয়েছে সুড়ঙ্গ সিনেমাটি। আফরান নিশোর অভিষেক সিনেমা হলেও মাতিয়েছেন তমা মির্জাও। আফরান নিশো ও তমা মির্জার অভিনয় বেশ প্রশংসিত হয়েছে। তবে সিনেমায় একটি আইটেম গান ছিল আলোচনার অন্যতম বিষয়। এই আইটেম গানে বোল্ড লুকে ধরা দেন নুসরাত ফারিয়া। বিষয়টি নিয়ে কথাও বলেছেন ফারিয়া। আইটেম গার্ল হিসেবে পরিচয় চান না তিনি। তবে সুড়ঙ্গ সিনেমাটা হলে অনেকেই দেখতে যাচ্ছে তার নাচের জন্য। এমনটাই বললেন গণমাধ্যমকে। নুসরাত ফারিয়া বলেন, "সিনেমাটি এখনো দেখিনি। তবে আমার বন্ধুবান্ধব, আশপাশের পরিচিতজন, তাদের পরিবার নিয়ে সিনেমাটি দেখেছেন। অনেকে বলেছেন আমার নাচ দেখতেই নাকি হলে গেছেন। ছবির মধ্যে অন্যতম বেস্ট পার্ট নাকি আমার গান।" এদিকে 'সুড়ঙ্গ' সিনেমায় আইটেম গানে কোমর দোলানোর এর রেশ কাটতে না কাটকেই এবার 'খেলা হবে' শিরোনামের গান নিয়ে হাজির হতে যাচ্ছেন তিনি। ভারতীয় বাংলা সিনেমার পরিচালক রাজ চক্রবর্তী নির্মাণ করছেন ওয়েব সিরিজ 'আবার প্রলয়'। এতে আইটেম গানে নেচেছেন ফারিয়া। গানটি ফেসবুকে প্রকাশ করেন রাজ চক্রবর্তী। সেখানে দেখা যায় লাল ঘাগরায় মেনকা সেজে ঠুমকা লাগিয়েছেন এই অভিনেত্রী।

# এখনও পুরুষদের ভয় পান সাবা

**বিনোদন ডেস্ক :** অভিনেত্রী সোহানা সাবার নতুন সিনেমা 'অসম্ভব'। সরকারি অনুদানের সিনেমাটি মুক্তির অপেক্ষায় রয়েছে। অভিনয়, ক্যারিয়ার নিয়ে ব্যস্ত সময় পার করলেও বিয়ে সংসার নিয়ে এখনও তেমন কোনো ভাবনা নেই বলে জানান সাবা। তবে মনের মতো পাত্র পেলে বিয়ে করবেন বলেও জানান তিনি। বিয়ে প্রসঙ্গে সাবা বলেন, আমি এখনও পুরুষদের ভয় পাই! পৃথিবীতে সত্যিই কি আমার জন্য এ রকম কোনো মানুষ আছে, যার সঙ্গে নিশ্চিন্তে বাকিটা জীবন কাটাতে পারব? যদি এ রকম কেউ থেকে থাকে আর তার সঙ্গে আজ দেখা হয়ে যায়, তাহলে কালই তাকে বিয়ে করে ফেলতাম। নন্দিত নায়িকা কবরীর 'আয়না' সিনেমার মাধ্যমে চলচ্চিত্রে পা রাখেন সাবা। সিনেমাটিতে তার কাজের অভিজ্ঞতা প্রসঙ্গে সোহানা সাবা বলেন, তখন পাপাকে (বাবা) কথা দিয়েছিলাম একটি মাত্র সিনেমা করব। ২০০৪ সালের কথা। এফডিসি তখন রমরমা। পাপা তখন বলেছিলেন 'আয়না' করো, এরপর আর না। তখন কাটপিসের ভয় ছিল। মাত্র ৮ দিন শুটিং করেছিলাম এফডিসিতে। ৮ দিনে ২২টি সিনেমায় কাজের প্রস্তাব পেয়েছিলাম। একটিও করিনি। ওই মুহূর্তে আর কোনো সিনেমা করার কথা ভাবিনি। শুধু মনে হয়েছিল একটি সিনেমাই ভালোভাবে শেষ করব। অভিনেত্রী অরুণা বিশ্বাস পরিচালিত 'অসম্ভব' সিনেমাটির শুটিং অনেক আগেই শেষ করা হয়। যাত্রাশিল্প এবং যাত্রাশিল্পীদের গল্প নিয়ে নির্মিত এই সিনেমায় সাবা ছাড়াও বিভিন্ন চরিত্রে আরও আছেন আবুল হায়াত, অরুণা বিশ্বাস, শতাব্দী ওয়াদুদ, গাজী আবদুন নূর, শাহেদ, স্বাগতা, যাত্রা সম্রাজ্ঞী জ্যোৎস্না বিশ্বাস প্রমুখ।

# সুখবর দিলেন ইলিয়ানা ডি ক্রুজ

**বিনোদন ডেস্ক :** মা হওয়ার সুখবর দিলেন 'বরফি' অভিনেত্রী ইলিয়ানা ডি ক্রুজ। গত শনিবার ইলিয়ানা নিজেই নবজাতকের ছবি পোস্ট করে এই সুখবর জানিয়েছেন। জানা গেছে, ১ আগস্ট পুত্র সন্তানের জন্ম দিয়েছেন অভিনেত্রী ইলিয়ানা ডি'ক্রুজ। ইলিয়ানা ছেলের নাম রেখেছেন, 'কোয়া ফিনিক্স ডলান'। ঘুমিয়ে থাকা সদ্যোজাত সন্তানের ছবি পোস্ট করে ইলিয়ানা লিখেছেন, 'আমাদের প্রিয় সন্তানকে পৃথিবীতে স্বাগত আনতে পেরে আমরা কতটা খুশি তা কোনো শব্দে ব্যাখ্যা করা সম্ভব নয়। আমাদের হৃদয় আজ পূর্ণ।' ইলিয়ানার পোস্টে অনুরাগীদের শুভেচ্ছা বার্তায় ভরে গিয়েছে। এদিকে অন্য অভিনেত্রীদের মতো ইলিয়ানা সদ্যোজাত সন্তানের মুখ লুকিয়েও রাখেননি দেখে খুশি অনুরাগীরা। অনেকেই ভেবেছিলেন ক্যাটরিনা কাইফের ভাই সেবাস্তিয়ান লরেন্ট মিশেলের সঙ্গে সম্পর্কে রয়েছেন ইলিয়ানা, তিনিই হয়ত তার সন্তানের বাবা। কারণ, এর আগে ক্যাটরিনার ভাইয়ের সঙ্গে ছুটি কাটাতেও দেখা গিয়েছিল অভিনেত্রীকে। তবে পরে সকলের ভুল ভাঙেন অভিনেত্রী। যদিও তার প্রেমিকের নাম জানা যায়নি। ইলিয়ানা বলিউড ও দক্ষিণী ফিল্ম ইন্ডাস্ট্রিতে একটি পরিচিত নাম। দক্ষিণী সিনেমা দিয়েই ক্যারিয়ার শুরু করেন এ অভিনেত্রী। ২০১২ সালে রণবীর কাপুর ও প্রিয়াঙ্কা চোপড়ার সঙ্গে 'বরফি' দিয়ে তার বলিউডে আত্মপ্রকাশ হয়। তিনি 'বাদশাহো', 'ম্যায় তেরা হিরো', 'রুস্তম' ও 'পাগলপান্তি' সিনেমায় কাজ করেছেন।

# বিরল রোগে আক্রান্ত টাইটানিক সিনেমার গানের সেই গায়িকা

**বিনোদন ডেস্ক :** দীর্ঘদিন ধরেই অসুস্থ টাইটানিক সিনেমার জনপ্রিয় 'মাই হার্ট উইল গো অন' গাওয়া গানটি বিশ্বনন্দিত গায়িকা সেলিন ডিওন। এ কারণে অনেকদিন থেকে সংগীত জগৎ থেকে দূরে থাকছেন তিনি। সম্প্রতি সেলিন ডিওনের শারীরিক অবস্থার বিষয়ে জানিয়েছেন তার বোন ক্লাউডেট। বিরল রোগের সঙ্গে কঠোর লড়াই করছেন সেলিন। ক্লাউডেটের তথ্য মতে, গায়িকার সুস্থতার জন্য সঠিক চিকিৎসা চেষ্টা চললেও এই বিরল রোগের সঠিক ওষুধ খুঁজে পাওয়া কঠিন। চিকিৎসকরা তাদের সর্বোচ্চ চেষ্টা করছেন। সেলিনও কঠোরভাবে লড়াই করছেন এই পরিস্থিতির সঙ্গে। সুস্থতার জন্য সব রকম চেষ্টাই করছেন গায়িকা। সে এই বিরল রোগের ক্ষেত্রে শীর্ষ গবেষকদের পরামর্শ শুনছেন। ক্লাউডেট বলেছেন, যখন আমি তাকে কল করি এবং সে ব্যস্ত থাকে, তখন আমি আমার বোন লিন্ডার সাথে কথা বলি যে তার সঙ্গে থাকে এবং আমাকে বলে যে সে কঠোর পরিশ্রম করছে। তিনি বলেন, সেলিন সব সময় নিজের জগতে সেরা থাকতে চেয়েছে। সে নিজের গন্তেব্যে ছুটেছে। আসলে একপর্যায়ে আমাদের হৃদয় ও শরীর আমাদের কিছু বলার চেষ্টা করে। এটা শোনা গুরুত্বপূর্ণ। আমি সত্যিই মনে করি যে তার এখন বেশির ভাগ সময় বিশ্রাম নেয়া দরকার। সেলিনের এই বিরল রোগ সম্পর্কে চিকিৎসকরা জানিয়েছেন, এই রোগে যিনি আক্রান্ত হন তার সারা শরীরের সমস্ত পেশিতে নানা ধরনের টান লাগতে শুরু করে। এমনকি বারবার তিনি উল্টে পড়ে যেতে পারেন, চোট পেতে পারেন। কারণ কোনো পেশির ওপরেই তার আর কোনো নিয়ন্ত্রণ থাকে না। 'টাইটানিক' সিনেমার বিখ্যাত গান 'মাই হার্ট উইল গো অন'-এর জন্য সেরা গায়িকা হিসেবে অস্কার পেয়েছিলেন সেলিন ডিওন। জনপ্রিয় এই গায়িকার জীবনে এর আগেও অনেক ঝড় এসেছে।


# মণিপুরে ২৪ ঘণ্টায় নিহত ৬, আহত ১৬

**আন্তর্জাতিক ডেস্ক :** গত ২৪ ঘণ্টায় সংঘর্ষ-বিধ্বস্ত মণিপুরে ৬ জন নিহত হয়েছেন। বিষ্ণুপুর-চুরাচাঁদপুর সীমান্ত এলাকায় গত শনিবার দিনব্যাপী সংঘর্ষে আহত হয়েছে ১৬ জন। সংঘর্ষের পর সেনাবাহিনীর চিরুনি অভিযানে গুলিবিদ্ধ অবস্থায় গ্রেপ্তার হয়েছেন একজন। পুলিশ জানায়, রাজ্যের আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতির পরিপ্রেক্ষিতে গতকাল রোববার ইমফল পূর্ব এবং পশ্চিম জেলাগুলোতে কারফিউ শিথিল করা হবে না। শনিবার ভয়ংকর এক দিন পার করেছে মণিপুর। এদিন বিষ্ণুপুর-চুরাচাঁদপুর সীমান্তের বেশ কয়েকটি জায়গায় দিনব্যাপী মর্টার এবং গ্রেনেড হামলার খবর পাওয়া গেছে। দুই পক্ষের মধ্যে গুলি বিনিময়ও হয়। গত শনিবার ভোরে বিষ্ণুপুর জেলার কোয়াকতা এলাকার একটি গ্রামে হামলায় বাবা-ছেলেসহ তিন নিরস্ত্র গ্রামবাসী নিহত হয়। আতঙ্কে নিহতরা তাদের পরিবার নিয়ে আশ্রয় শিবিরে অবস্থান করছিলেন। শুক্রবার গ্রাম পাহারা দিতে ফিরে এসেছিলেন তারা। নিরাপত্তা বাহিনীর সূত্র জানায়, দুজন পুরুষকে বিভিন্ন স্থানে ধারালো অস্ত্র দিয়ে আঘাত করা হয়েছিল। এর আগে তাদের শরীরের বিভিন্ন অংশে খুব কাছ থেকে গুলি করা হয়। এতে সকাল থেকেই উত্তাল হয়ে ওঠে গোটা এলাকা। কোয়াকতার পাশের দুই গ্রাম ফুজাং এবং সোংডোতে মর্টার শেল এবং গ্রেনেড ছোড়ে একদল জনতা। কয়েকটি গ্রেনেড চুরাচাঁদপুর জেলায় পড়লে দুজন নিহত এবং কয়েকজন আহত হয়। বিষ্ণুপুর জেলার তেরখাংসাংবিতে হামলায় একজন নিহত হয়েছেন। এক পুলিশ কমান্ডোসহ বন্দুকের গুলিতে আহত হয়েছেন তিনজন। ইমফল পূর্ব জেলার সানসাবি এবং থামনাপোকপি গ্রামে অজ্ঞাতপরিচয় ব্যক্তিদের গুলি করার খবরও পাওয়া গেছে। এ ঘটনা কোনো হতাহতের খবর পাওয়া যায়নি। অজ্ঞাতপরিচয় জনতা ইমফল পশ্চিম জেলার ল্যাংগোলে বাড়িঘরে আগুন দিয়েছে। এর পরপর হত্যাকাণ্ডের বিরুদ্ধে ব্যাপক বিক্ষোভ হয় ইমফলে। মণিপুরের বিজেপি বিধায়ক রাজকুমার ইমো সিং রাজ্যের মুখ্যমন্ত্রী এন বীরেন সিংয়ের জামাতাও। কেন্দ্রীয় নিরাপত্তা বাহিনীর বিরুদ্ধে অভিযোগ তুলেছেন তিনি। তার দাবি, বিষ্ণুপুর জেলায় তিনজন নিহত হওয়া হামলায় বড় ধরনের নিরাপত্তা ত্রুটি ছিল।



# ১৬ মাসে এইচআইভি আক্রান্ত ৮০ অন্তঃসত্ত্বা হাসপাতালে

**আন্তর্জাতিক ডেস্ক :** গত ১৬ মাসে হাসপাতালে চিকিৎসার জন্য আসা অন্তঃসত্ত্বা নারীদের মধ্যে অন্তত ৬০-৮০ জন নাকি এইচআইভি পজিটিভ! ভারতের উত্তর প্রদেশের মিরাটের সরকারি হাসপাতালের এ তথ্য সামনে আসার পর থেকেই চাঞ্চল্য ছড়িয়েছে। গত শুক্রবার স্বাস্থ্য দপ্তরের এক কর্মকর্তা জানিয়েছেন এ কথা। মিরাটের লালা লাজপত রাই মেডিকেল কলেজের অ্যান্টি রেট্রোভাইরাল থেরাপি (এআরটি) সেন্টারের প্রতিবেদন সামনে আসার পরই এই চাঞ্চল্যকর তথ্য উঠে এসেছে। দেখা গেছে, প্রসবের জন্য হাসপাতালে আসা ৮১ জন নারী এইচআইভিতে আক্রান্ত হয়েছেন। তাদের মধ্যে অন্তত ৩৫ জন ইতোমধ্যে সন্তানের জন্ম দিয়েছেন। ২০২২-২৩ সালের এআরটি সেন্টারের প্রতিবেদন অনুযায়ী, একই হাসপাতালে ভর্তি গর্ভবতী নারীদের মধ্যে এইচআইভি সংক্রমণের ৩৩টি নতুন ঘটনা নথিবদ্ধ হয়েছে। এর মধ্যে শুধু জুলাই পর্যন্তই ১৩টি ঘটনা ধরা পড়েছে। এ ছাড়া আরো ৩৫ জন অন্তঃসত্ত্বা নারী আগে থেকেই এইচআইভিতে সংক্রমিত হয়েছিলেন বলে জানা গেছে।



# তিন দেশে একযোগে ৫ দশমিক ৮ মাত্রার ভূমিকম্প

**আন্তর্জাতিক ডেস্ক :** এশিয়ার তিন দেশে একযোগে ৫ দশমিক ৮ মাত্রার ভূমিকম্প অনুভূত হয়েছে। দেশগুলো হলো- ভারত-পাকিস্তান-আফগানিস্তান। তবে এতে এখন পর্যন্ত কোনো দেশেই হতাহতের কোনো সংবাদ পাওয়া যায়নি। ভারতীয় সংবাদমাধ্যম এনডিটিভির এক প্রতিবেদনে বলা হয়, গত শনিবার রাত সাড়ে ১১ টার দিকে এই ভূমিকম্প হয়। হিন্দুকুশ পার্বত্য অঞ্চল এই ভূমিকম্পের উত্তপত্তিস্থল। ভূপৃষ্ঠের গভীরে ইউরেশিয়ান ও ইন্ডিয়ান টেকটোনিক প্লেটের সংযোগ স্থলে এটি উৎপত্তি ঘটেছে। ভারতের ভূকম্পণ পর্যবেক্ষণ ও গবেষণা সংস্থা ন্যাশনাল সিসমোলজি সেন্টারের পরিচালক জেএল গৌতম বলেন, জম্মু এবং কাশ্মির, পাঞ্জাব, দিল্লি এবং উত্তর ভারতের বেশ কিছু এলাকায় কম্পণ অনুভূত হয়েছে। অন্যদিকে, পাকিস্তানের ভূমিকম্প পর্যবেক্ষণ ও গবেষণা সংস্থা ন্যাশনাল সিসমিক মনিটরিং সেন্টার জানায়, হিন্দুকুশ পর্বতমালার আফগানিস্তান ও তাজিকিস্তান সীমান্ত অঞ্চলে ভূপৃষ্ঠের ১৯৬ কিলোমিটার গভীরে ছিল ভূমিকম্পটির উৎপত্তিস্থল। পাকিস্তানের সংবাদমাধ্যম জিও নিউজের এক প্রতিবেদনে বলা হয়, পাকিস্তানের রাজধানী ইসলামাবাদ, লাহোর, রাওয়ালপিন্ডি, পেশোয়ার এবং আফগানিস্তানের সীমান্তবর্তী খাইবার পাখতুনখোয়ার বেশ কিছু জেলায় কম্পন অনুভূত হয়েছে। এ ছাড়া হিন্দুকুশ সংলগ্ন আফগানিস্তানের অঞ্চলগুলোতেও কম্পন অনুভূত হয়েছে, তবে ঠিক কোন কোন এলাকায় এই কম্পণ বেশি অনুভূত হয়েছে- তা এখনও জানা যায়নি।

# ইউক্রেনে রাশিয়ার 'দূরনিয়ন্ত্রিত বোমা' হামলা

**আন্তর্জাতিক ডেস্ক :** ইউক্রেনের উত্তর পূর্বাঞ্চলীয় খারকিভ অঞ্চলের ব্লাড ট্রান্সফিউশান সেন্টারে 'গাইডেড বোমা' বা 'দূরনিয়ন্ত্রিত বোমা' হামলা চালিয়েছে রাশিয়া। দেশটির প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি শনিবার এ কথা বলেন। এ হামলায় কতজন হতাহত হয়েছে, তা জানাননি তিনি। খবর বিবিসির। সামাজিক যোগাযোগমাধ্যমে টেলিগ্রামে জেলেনস্কি বলেন, রুশ সীমান্ত থেকে কয়েক কিলোমিটার দূরের কুপিয়ানস্ক শহরে এ বোমা হামলা চালানো হয়। উদ্ধারকারীরা আগুন নিয়ন্ত্রণে কাজ করছে। জেলেনস্কি আরও বলেন, 'শুধু এই যুদ্ধাপরাধই রুশ আগ্রাসন সম্পর্কে সবকিছু বলে দেয়।' রাশিয়া এ বিষয়ে কোনো মন্তব্য করেনি। এর আগে বেসামরিক লোকদের লক্ষ্যবস্তু করা বা যুদ্ধাপরাধের সব অভিযোগ অস্বীকার করেছে দেশটি। বিবিসি প্রতিবেদনটি নিরপেক্ষভাবে যাচাই করতে পারেনি। সামাজিক যোগাযোগমাধ্যমে জেলেনস্কি হামলাকারীদের 'পশু' বলে আখ্যা দিয়ে বলেন, 'যারা জীবনের মূল্য দেয়, তাদের জন্য সন্ত্রাসীদের পরাজিত করা সম্মানের বিষয়। 'প্রেসিডেন্ট জেলেনস্কি আরও বলেন,

# ওয়াগনারের দ্বারস্থ নাইজারের জান্তা

**আন্তর্জাতিক ডেস্ক :** নাইজারে ক্ষমতা দখলের পর গতকাল রোববার মধ্যে প্রেসিডেন্ট মোহাম্মদ বাজোমকে ক্ষমতায় পুনর্স্থাপন করতে হবে, নয়ত তাদের বিরুদ্ধে সামরিক অভিযান চালানো হবে বলে আফ্রিকা অঞ্চলের ১৫ দেশের জোট দ্য ইকোনমিক কমিউনিটি অব ওয়েস্ট আফ্রিকা (ইকোওয়াস) হুমকি দেয়। এর প্রেক্ষিতে দেশটিতে সামরিক অভিযানের আশঙ্কা করা হচ্ছে। তবে এ থেকে রক্ষা পেতে রাশিয়ান ভাড়াটে যোদ্ধা ওয়াগনারের দ্বারস্থ হয়েছে নাইজারের জান্তা। এর আগে গত ২৬ জুলাই কোনো রক্তপাত ছাড়াই প্রেসিডেন্ট মোহাম্মদ বাজোমকে অবরুদ্ধ করে নাইজারের ক্ষমতা দখল করে দেশটির সেনাবাহিনীর একাংশ। তবে তাদের এ অভ্যুত্থানকে ভালোভাবে নেয়নি ইকোয়াস। জোটটি গত সপ্তাহে হুমকি দেয়। আর এই সামরিক অভিযানের আশঙ্কা থেকে রাশিয়ার কুখ্যাত ভাড়াটে সেনাবাহিনী ওয়াগনার গ্রুপের সহায়তা চেয়েছে নাইজারের অভ্যুত্থান নেতা জেনারেল সালিফু মুডি। শনিবার বার্তাসংস্থা এপির এক প্রতিবেদনে বলা হয়, মালিতে যাওয়ার পর জেনারেল সালিফু মুডি সম্ভাব্য সামরিক অভিযানের বিরুদ্ধে হুঁশিয়ারি দেন। তিনি হুমকি দিয়ে বলেন, নাইজারকে 'নতুন লিবিয়া' হতে আটকাতে যা প্রয়োজন তাই করবেন তারা। আফ্রিকান ১৫ দেশের জোট ইকোয়াসের সামরিক প্রধানরা গত শুক্রবার সামরিক অভিযান চালানোর পরিকল্পনা চূড়ান্ত করেন। এর আগের দিন ইকোয়াসের একটি প্রতিনিধি দল নাইজারের জান্তা প্রধান জেনারেল আব্দুররহমান চিয়ানির সঙ্গে দেখা করতে গিয়েছিল। কিন্তু তাদের নাইজারে প্রবেশই করতে দেয়া হয়নি। এরপর ইকোয়াস জোটভুক্ত দেশের সেনা প্রধানরা সামরিক অভিযান চালানোর জন্য সেনাদের প্রস্তুতি নেয়ার নির্দেশ দেন। তবে সামরিক অভিযান চালানোর চূড়ান্ত সিদ্ধান্ত নেবেন জোটের সদস্য দেশগুলোর সরকার প্রধানরা এবং এ অভিযান পরিচালনার আগে তাদের ঐকমতে পৌঁছাতে হবে। নাইজারে যদি সামরিক অভিযান চালানো হয় তাহলে এটিতে নেতৃত্ব দেবে নাইজেরিয়া। দেশটির প্রেসিডেন্ট বোলা আহমেদ তিনুবো সিনেটের কাছে অনুমোদন চেয়ে এ-সংক্রান্ত একটি প্রস্তাব পাঠান। তবে সিনেট সামরিক অভিযানের বদলে অন্য কোনো উপায় অবলম্বন করার পরামর্শ দিয়েছে। এ ছাড়া ইকোয়াসের আরেক সদস্য আলজেরিয়া জানিয়েছে, তারাও সামরিক অভিযানে অংশ নেবে না। ওই প্রতিবেদনে আরও বলা হয়, নাইজারের অভ্যুত্থান নেতা জেনারেল সালিফু মুডি দুদিন আগে পার্শ্ববর্তী দেশ মালিতে যান এবং সেখানে ওয়াগনার প্রতিনিধির সঙ্গে এ ব্যাপারে বৈঠক করেন।




# ফ্রান্স ও স্পেন সীমান্তের দাবানল নিয়ন্ত্রণে

**আন্তর্জাতিক ডেস্ক :** ফ্রান্স ও স্পেনের দমকলকর্মীরা ভূমধ্যসাগর উপকূলীয় অভিন্ন সীমান্তের কাছের দাবানল নিয়ন্ত্রণে সফল হয়েছে। তবে দক্ষিণাঞ্চলীয় আন্দালুসিয়া অঞ্চলের কর্মকর্তারা বলছেন, দমকলকর্মীরা গত শনিবার অপর একটি দাবানল নিয়ন্ত্রণে কাজ করছে। স্প্যানিশ সীমান্তের কাছের পর্যটক প্রিয় পার্বত্য বনাঞ্চল পোর্টবোর আশেপাশের কয়েকটি গ্রাম থেকে রাতে ১৩০ জনেরও বেশি লোককে সরিয়ে নেওয়া হয়েছে। স্প্যানিশ বন রক্ষকরা বলছেন, পোর্টবোর আশপাশে শুক্রবার থেকে শুরু হওয়া দাবানলে ৫৭৩ হেক্টর এলাকা পুড়ে গেছে। পোর্টবোর সঙ্গে ফ্রান্সের আন্তঃসীমান্ত রেল পরিষেবা রয়েছে। ক্যাটালোনিয়ার আঞ্চলিক সরকারের একজন কর্মকর্তা জানান, শনিবার সন্ধ্যার দিকে আগুন নিয়ন্ত্রণে আসে। লোকজনকে সরিয়ে নেওয়ার আদেশ প্রত্যাহার করা হয়েছে। তবে বাসিন্দাদের এখনো ঘরে অবস্থান করার পরামর্শ এবং অপ্রয়োজনীয় ভ্রমণের ব্যাপারে সতর্কতা জারি রয়েছে।

## বিনোদন

# সামনে এলো রহস্যময় 'সাড়ে ষোল'র ট্রেইলার

**বিনোদন ডেস্ক :** আফরান নিশো অভিনীত এবং ইয়াসির আল হক পরিচালিত থ্রিলার সিরিজ 'সাড়ে ষোল'র ট্রেইলার প্রকাশ করেছে ওটিটি প্ল্যাটফর্ম হইচই। গত শনিবার ট্রেইলার প্রকাশের পর থেকে সামাজিক যোগাযোগ মাধ্যমে যেন সিরিজটির প্রতি দর্শকের আগ্রহ বেড়ে গেছে। ১৭ আগস্ট থেকে দেখা যাবে একটি হোটেলের রহস্যময় ফ্লোরকে কেন্দ্র করে নির্মিত এই ওয়েব সিরিজটি। 'সাড়ে ষোল' ওয়েব সিরিজটি একটি হোটেলের রহস্যময় ফ্লোরকে কেন্দ্র করে নির্মিত হয়েছে। সিরিজটি দর্শকদের এমন একটি অভিজ্ঞতার মধ্যে নিয়ে যাবে, যেখানে তারা নিজেকে আবিষ্কার করবে ঐশ্বর্য ও প্রতারণার বেড়াজালে অন্যরকম এক গোপন ঘটনায়। গল্পের প্রতিটি পর্যায় দর্শককে নতুন করে ভাব-নার খোরাক দেবে। পরিচালক ইয়াসির আল হকের প্রথম ওয়েব সিরিজ এটি। তিনি ট্রেলার নিয়ে বলেন, সিরিজের ট্রেলারটি গল্পের মুহূর্তগুলোর একটি কোলাজ মাত্র, তাই 'সাড়ে ষোল'র আসল ঝলক দেখতে হলে আপনাদের অপেক্ষা করতে হবে ১৭ আগস্ট পর্যন্ত। ইন্তেখাব দিনার বলেন, 'আপতদৃষ্টিতে খুব সাধারণ চরিত্র মনে হলেও এই রাকিব চরিত্রে অভিনয়ের জন্য আমাকে আমার কমফোর্ট জোন থেকে বেরিয়ে এসে অভিনয় করতে হয়েছে। আমি আত্মবিশ্বাসী যে দর্শকরা সিরিজটিকে ততটাই পছন্দ করবেন, ঠিক যতটা আমি এর অংশ হতে পেরে আনন্দিত বোধ করেছি৷ জাকিয়া বারী মম বলেন, 'রিনি এই শহরের নাম করা টিভি জার্নালিস্ট। যেকোনো সময় তার হেড অব নিউজ হওয়ার সম্ভাবনা রয়েছে। শহরের সব পাওয়ারফুল লোকজনের সঙ্গে তার উঠা-বসা। বিস্তারিত জানতে অপেক্ষা করতে হবে।' ১৭ আগস্ট টেলের রহস্যময় ফ্লোরকে কেন্দ্র করে নির্মিত হয়েছে ওয়েব সিরিজ 'সাড়ে ষোল'। সিরিজটি দর্শকদের এমন একটি অভিজ্ঞতার মধ্যে নিয়ে যাবে যেখানে তারা নিজেকে আবিষ্কার করবে ঐশ্বর্য এবং প্রতারণার বেড়া জালে অন্যরকম এক গোপন ঘটনায়। ইমতিয়াজ বর্ষণ তার আলতাফ চরিত্র সম্পর্কে বলেন, 'আমার চরিত্রের নাম এ. ডি. সি. আলতাফ, একজন পুলিশ কর্মকর্তা। চরিত্র নিয়ে বর্ষণ বলেন 'আলতাফ চরিত্রের মাধ্যমে দর্শক এতদিন যেভাবে পেয়েছেন তারথেকে একদমই ভিন্ন ভাবে পাবেন। তিনি জানান, অনেক দিন পরে বান্ধবীর আমন্ত্রণে ভায়োলেট ইনে তার আগমন। ভায়োলেট ইন এর সাড়ে ষোল তলায় যে ঘটনার জট পেকেছে এবং তার জন্য শহরজুড়ে যে হইচই হবে তা কতখানি ঠেকাতে পারবে আলতাফ তা জানার জন্য সিরিজটি দেখতে দর্শকদের আমন্ত্রণ জানিয়েছেন তিনি '।




# বাচ্চাদের প্রতিভা অনুসন্ধানের রিয়েলিটি শো শুরু

**বিনোদন ডেস্ক :** বাচ্চাদের প্রতিভা যাচাইয়ের রিয়েলিটি শো 'কিড'স ট্যালেন্ট হান্ট'র অডিশন রাউন্ড শুরু হয়েছে। (০১ আগস্ট) থেকে শুরু হয়ে এই অডিশন রাউন্ড চলবে (২৮ আগস্ট) পর্যন্ত। যেখানে ঢাকা সহ সব বিভাগীয় শহরের শিশুরা অংশগ্রহণ করতে পারবে। এই বিষয়টি নিশ্চিত করেন অনুষ্ঠানটির পরিচালক এস এম সালাহ উদ্দিন। জানা যায়, এই রিয়েলিটি শো'র বিচারক হিসেবে আছেন স্বনামধন্য নাট্য প্রযোজক কাজী রিটন, শফিকুল ইসলাম ডাবলু নাট্য পরিচালক, নাট্য প্রশিক্ষক, বাংলাদেশ শিশু একাডেমি ও নাট্য পরিচালক খান মোহাম্মদ বদরুদ্দীন। এই রিয়েলটি শো সম্পর্কে পরিচালক জানান, 'টেলিভিশনে বিভিন্ন ধরনের অনুষ্ঠান দর্শকদের উপহার দিতে হয়। তাই অনুষ্ঠানে ভিন্নতা আনা একটি গুরুত্বপূর্ণ বিষয়। আমি চেষ্টা করি, আমার অনুষ্ঠান যেন অন্য সবার চেয়ে কিছুটা আলাদা হয়। এই শো'টিও তেমনই ব্যতিক্রম বলা যায়। আমরা সব বিভাগীয় শহরে অডিশন নেব। অডিশন যাত্রা হবে চারটি ভাগে। প্রথম যাত্রা শুরু হয়েছে ০১ আগস্ট ঢাকা ও চট্টগ্রাম বিভাগীয় শহর দিয়ে।



# কে এই মাছ বিক্রেতা?

**বিনোদন প্রতিবেদক :** সকালে ভিড়ঠেলা বাজারে মাছ বিক্রি করছেন অভিনেত্রী সাবিলা নূর! মাছের ওপর পানি ছিটানো, মাছি তাড়ানো থেকে দাম হাঁকানো সবটাই করছেন অবলীলায়। অনেকে তো সত্যি ভেবে ভুলও করছেন। হ্যাঁ, এমনটাই দেখা গেছে 'মৎস্যকন্যা' নাটকের শুটিং সেটে। নির্মাতা আলোক হাসানের পরিচালনায় এতে মাছ বিক্রেতার চরিত্রে অভিনয় করছেন সাবিলা নূর। চরিত্রটি যথাযথ ফুটিয়ে তুলতে এবং নাটকে সত্যিকারের আবহ তুলে ধরতে গত শনিবার সকালে মিরপুরের ৬ নম্বর সেক্টরের মাছ বাজারে শুটিং হয় নাটকটির। চরিত্রটি নিয়ে সাবিলা নূর বলেন, কিছুক্ষণ পরপর মাছে পানি ছিটানো, মাছি তাড়ানো-এ কাজগুলো করতে হচ্ছে। মাছ কিনতে গিয়ে আগে এ কাজগুলো দেখেছি। কিন্তু চরিত্রটি ফুটিয়ে তুলতে শুটিংয়ে এগুলো করতে হচ্ছে আমাকে। পাশাপাশি ক্রেতার সঙ্গে সঠিকভাবে দামদরও করতে হচ্ছে। পুরো বিষয়টি আমার জন্য খুব একটা সহজ নয়। তিনি আরও বলেন, অনেক বড় বাজারে শুটিং। বাজারে ক্রেতা-বিক্রেতাও প্রচুর। শুটিং করা অনেক কষ্ট। অনেকে বুঝতেও পারিনি শুটিং চলছে। এ কারণে অনেকটা সমস্যাও হচ্ছিল। যথাযথভাবে ক্যামেরা ধরতে সমস্যাও হচ্ছিল। একসময় বাজারের লোকজনের সহায়তা ঠিকঠাক মতো শুটিং সারতে পেরেছি। জানা গেছে, 'মৎস্যকন্যা' নাটকে আমেনা চরিত্রে অভিনয় করছেন সাবিলা নূর। স্বামীর অসুস্থতার কারণে সংসারের হাল ধরতে মাছ বিক্রি করেন তিনি।



# গোপনে বিয়ে করলেন রাশমিকা

**বিনোদন ডেস্ক :** দক্ষিণী ইন্ডাস্ট্রি হোক কিংবা বলিউড বিজয় দেবরাকোন্ডা ও রাশমিকা মান্দানার প্রেমের চর্চা চলে প্রায় সব জায়গাতে। যদিও নিজেরা কখনোই স্বীকার করেননি যে তার প্রেম করছেন! তবে তাদের প্রেমের খবরকে অনেকটা 'ওপেন সিক্রেট'ই বলা যায়। তারই মাঝে এবার প্রেম থেকে উতরে সবাইকে নিজের বিয়ের খবর জানালেন রাশমিকা। তবে পাত্র বিজয় নন, অন্য কেউ। সম্প্রতি অভিনেতা টাইগার শ্রফের সঙ্গে একটি অনুষ্ঠানে হাজির হয়েছিলেন রাশমিকা। সেখানেই অভিনেত্রীকে প্রশ্ন করা হয় তার বিয়ে নিয়ে। ঠিক তখনই রাশমিকা কোন রাখঢাক না করেই জানান তার বিয়ে হয়ে গেছে। তার এমন আচমকা উত্তরে অনেকেই চমকে উঠেন। অভিনেত্রী জানান, নারুতো উজুমাকিকে গোপনে বিয়ে করেছেন তিনি। কিন্তু কে এই নারুতো উজুমাকি? নারুতো হলো এক জাপানি কার্টুন চরিত্র। সে-ই নাকি রয়েছে রাশমিকার হৃদয় জুড়ে। জনপ্রিয় এ জাপানি মঙ্গা সিরিজটি দেখা যাচ্ছে নেটফ্লিক্সে। এদিকে অভিনেতা বিজয় দেবরাকোন্ডার সঙ্গে রাশমিকা মান্দানার প্রেমের জোর গুঞ্জনের মাঝেই মাস তিনেক আগে শোনা গিয়েছিল, তিনি নাকি অভিনেতা বেল্লামকোন্ডা সাই শ্রীনিবাসের প্রেমে মজেছেন।

# মেয়ের হার্টে ছিদ্র, কান্নায় ভেঙে পড়লেন বিপাশা

**বিনোদন ডেস্ক :** বলিউড অভিনেত্রী বিপাশা বসু। গত বছরের ১২ নভেম্বর কন্যা সন্তানের মা হন এই অভিনেত্রী। বিপাশা-করণ সিং গ্রোভারের প্রথম সন্তানের নাম রাখেন দেবী বসু সিং গ্রোভার। ৪৩ বছর বয়সে মা হয়ে দারুণ আনন্দিত ছিলেন বিপাশা। এ আনন্দ মুহূর্তের ফিকে হয়ে যায়। কারণ চিকিৎসকরা জানান, তার মেয়ের হার্টে ছিদ্র। বিপাশার মেয়ের বয়স এখন ৯ মাস চলছে। এতদিন বিষয়টি গোপন রেখেছিলেন। নেহা ধুপিয়ার সঙ্গে এক সাক্ষাৎকারে দেবীকে নিয়ে কঠিন সময় পার করার কথা বলতে গিয়ে কান্নায় ভেঙে পড়েন এই অভিনেত্রী। বিপাশা বসু বলেন, 'মা-বাবা হিসেবে আমাদের এই যাত্রা অন্যান্য মা-বাবার থেকে অনেক আলাদা ছিল। আমার মুখে এই মুহূর্তে যে হাসি আছে এর আগে সেটা ছিল না, তখন সুখটাও আমার কাছে কঠিন ছিল। আমি চাই না, আমার সঙ্গে যেটা হয়েছে সেটা আর কোনো মায়ের সঙ্গে হোক। একজন নতুন মা হিসেবে মাত্র ৩ দিনের মাথায় জানতে পারি আমার মেয়ের হার্টে দুটি ছিদ্র রয়েছে, ও ওভাবেই জন্মেছে। আমি ভেবেছিলাম আমি এটা প্রকাশ্যে আনব না। এখন এটা নিয়ে কথা বলছি কারণ আমার মতোই অনেক মা আছেন, যারা আমাকে এই কঠিন যাত্রায় সাহায্য করেছেন।' মেয়ের অসুস্থতার খবর নিজের পরিবারের কাছেও গোপন করেছিলেন বিপাশা। তা জানিয়ে এ অভিনেত্রী বলেন, 'প্রথমে আমরা ভিএসডি কী তাও বুঝতে পারিনি। জানতে পারি এটা ভেন্ট্রিকুলার সেপ্টাল ডিফেক্ট। তখন আমাদের পাগলের মতো দিন কেটেছে। আমরা আমাদের পরিবারের লোকজনকেও এটা জানাইনি। কারণ কী হবে সেটা আমরা দুজনেই বুঝতে পারছিলাম না। আমরা বাবা-মা হওয়াকে উদযাপন করতে চেয়েছিলাম কিন্তু আমি আর করণ সব জেনে অসাড় হয়ে যাই। প্রথম পাঁচ মাস আমাদের জন্য খুব কঠিন ছিল।





# ফতুল্লা থানায় কী করছেন অপু বিশ্বাস?

**বিনোদন প্রতিবেদক :** আকস্মিকভাবে নারায়ণগঞ্জের ফতুল্লা থানায় গিয়েছিলেন চিত্র নায়িকা অপু বিশ্বাস। গত শনিবার রাত সাড়ে ৮টার দিকে তিনি নীরবে থানায় আসেন। কিছু সময় থেকে ৯টার দিকে চলে যান। এ তথ্য নিশ্চিত করেছেন ফতুল্লা মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) নূরে আজম মিয়া। আজম মিয়া বলেন, 'অপু বিশ্বাসের সঙ্গে আমার আগে থেকেই পরিচয়। বিভিন্ন অনুষ্ঠানে দাওয়াত দিই। সেই সুবাদে পরিচয়। আজ তিনি এদিক দিয়ে যাচ্ছিলেন। তাই আমার সঙ্গে দেখা করে গেলেন।' কোনো আইনগত বিষয়ে কথা বলতে এসেছিলেন কি না জানতে চাইলে ওসি জানান, সৌজন্য সাক্ষাৎ করার জন্য অপু বিশ্বাস এসেছিলেন।